রেজিস্টার্ড নং ডি এ-১

২০১৩ সনের ৩৯ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, সেপ্টেম্বর ২৬, ২০১৩

## সূচীপত্র

| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৬১৩—৬৪০ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ১২১৩—১২৩৬ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ২২১—২২৭ |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ১২৫৫—১২৬৪ |

| | পৃষ্ঠা নং |
|---|---|
| ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | ৬৫—৬৬ |
| **ক্রোড়পত্র—সংখ্যা** | |
| (১) . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) . . . . . . ইং তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |

## ১ম খণ্ড

### গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**অর্থ মন্ত্রণালয়**

**ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ**

**পরিচালনা পর্ষদ ও সমন্বয় অধিশাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ২৮ এপ্রিল ২০১৩

**নং ৫৩.০০১.০১১.০০.০০.০১৩.২০০৮-১৮২**—কর্মসংস্থান ব্যাংক আইন, ১৯৯৮ (১৯৯৮ সনের ৭নং আইন) এর ১০ ধারা অনুযায়ী জনাব আকতার জামিল, এফসিএ-কে কর্মসংস্থান ব্যাংকের পরিচালনা পর্ষদের চেয়ারম্যান হিসেবে নিয়োগ প্রদান করা হলো। তাঁর এ নিয়োগ আগামী ০৭-০৫-২০১৫ খ্রিঃ তারিখ পর্যন্ত কার্যকর থাকবে।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ, ২৯ এপ্রিল ২০১৩

**নং ৫৩.০০১.০১১.০০.০০.০০৭.২০০৮-১৮৪**—বাংলাদেশ কৃষি ব্যাংক (দ্বিতীয় সংশোধনী) অর্ডার, ১৯৮৩ এর ৭ ধারার বিধান অনুযায়ী বাংলাদেশ কৃষি ব্যাংকের পরিচালনা পর্ষদে জনাব মোঃ হাবিবুর রহমানের পরিবর্তে জনাব মুকুল চন্দ্র রায়, মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ঢাকা-কে পরিচালক হিসেবে পুনরাদেশ না দেওয়া পর্যন্ত নিয়োগ দেয়া হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ রিজওয়ানুল হুদা**
উপ-সচিব।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd

**প্রজ্ঞাপন**

তারিখ, ৯ মে ২০১৩

**নং ৫৩.০০১.০১১.০০.০০.০০৬.২০০৮-১৯৯**—রূপালী ব্যাংক লিমিটেড-এর Memorandum and Articles of Association-এর ১১৭(১) ধারার বিধান অনুযায়ী জনতা ব্যাংকের সাবেক মহাব্যবস্থাপক জনাব মহিউদ্দিন ফারুকী-কে রূপালী ব্যাংক লিমিটেড-এর পরিচালনা পর্ষদে পরিচালক হিসেবে ০৩(তিন) বছরের জন্য নিয়োগ দেয়া হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ রফিকুল করিম**
সিনিয়র সহকারী সচিব।

---

**অর্থ বিভাগ**

**ট্রেজারি ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ**
**নগদ ও প্রচ্ছন্ন দায় ব্যবস্থাপনা শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২২ বৈশাখ ১৪২০/০৫ মে ২০১৩

**নং ০৭.০০.০০০০.১৩৮.০৩.০২২.১২-৫৮**—বৈদেশিক ঋনের সম্ভাব্য ঝুঁকি প্রশমনে সরকার, রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা সরকারি মালিকানাধীন কোম্পানী কর্তৃক গৃহীত সকল অনমনীয় বৈদেশিক ঋণের তথ্য সংগ্রহ, তথ্যের সঠিকতা নিরূপণ, মনিটরিং, রিপোর্ট প্রণয়ন এবং এসকল কাজে সরকারের বিভিন্ন দপ্তরের সাথে সমন্বয়ের জন্য বিদ্যমান Cash and Debt Management Committee (CDMC)-এর অধীনে নিম্নলিখিত কর্মকর্তাগণের সমন্বয়ে একটি Technical Committee on Non-Concessional Borrowing (TCNCB) কমিটি গঠন করা হলো ঃ

**সভাপতি**

(ক) যুগ্ম-সচিব (টিডিএম অনুবিভাগ), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।

**সদস্যবৃন্দ**

(খ) পরিচালক (ফাবা), অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয়।

(গ) বাণিজ্য মন্ত্রণালয়ের প্রতিনিধি (উপ-সচিব পদমর্যাদার নিচে নয়)

(ঘ) মহাব্যবস্থাপক (বৈঃমুঃনীঃবিঃ), বাংলাদেশ ব্যাংক।

(ঙ) উপ-সচিব (ঋণ ব্যবস্থাপনা), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।

(চ) সিনিয়র সহকারী সচিব, ঋণ ব্যবস্থাপনা-১ শাখা, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।

**সদস্য-সচিব**

(ছ) সিনিয়র সহকারী সচিব, নগদ ও প্রচ্ছন্ন দায় ব্যবস্থাপনা শাখা, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।

২। কমিটির কার্যপরিধি নিম্নরূপ হবে ঃ

(১) রাষ্ট্রায়ত্ত বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান অথবা সরকারি মালিকানাধীন কোম্পানী কর্তৃক প্রকল্প বাস্তবায়নের জন্য গৃহীতব্য বৈদেশিক ঋণের টেন্ডারের শর্তে রাষ্ট্রীয় গ্যারান্টি/কাউন্টার-গ্যারান্টির অনুচ্ছেদ (Clause) অন্তর্ভুক্ত করার প্রস্তাব বিবেচনা করা ও সুপারিশ প্রদান;

(২) ইআরডি এবং বিভিন্ন রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান/সরকারি মালিকানাধীন কোম্পনী/অন্যান্য সরকারি ও স্বায়ত্তশাসিত সংস্থা কর্তৃক গৃহীত বৈদেশিক ঋণের তথ্য সংগ্রহ ও মনিটরিং;

(৩) সরকারি প্রতিষ্ঠান কর্তৃক চুক্তিবদ্ধ বা চুক্তিবদ্ধ হবে এরূপ foreign-financed trade credits সমূহের ঋণের শর্তাবলী এবং Grant Element-এর পরিমাণ সংক্রান্ত হালনাগাদ তথ্য মনিটরিং;

(৪) প্রতিমাসে অন্ততঃ একবার সভার আয়োজন। সভার এজেন্ডায় গৃহীতব্য ঋণের সুপারিশ বিবেচনা ছাড়াও প্রকল্পওয়ারী নমনীয় ও অনমনীয় ঋণ পর্যালোচনা, হিসাবায়ন এবং সরকারের ঋণ গ্রহণকারী সংস্থা ও ঋণ ব্যবস্থাপনায় নিযুক্ত দপ্তরসমূহের মধ্যে সমন্বয় সাধন;

(৫) আন্তর্জাতিক সংস্থাসমূহের সাথে সরকারের চুক্তি অনুযায়ী বৈদেশিক ঋণ সংক্রান্ত রিপোটিং এর জন্য তথ্য উপাত্ত যাচাইপূর্বক চূড়ান্তকরণ; এবং

(৬) বৈদেশিক অনমনীয় ঋণের তথ্য সংগ্রহ, সংরক্ষণ, মনিটরিং ও রিপোটিং সংক্রান্ত অন্যান্য কাজ।

৩। কমিটি প্রয়োজনে যে কোন কর্মকর্তা বা বিশেষজ্ঞকে নির্দিষ্ট সময়ের জন্য সদস্য হিসাবে কমিটিতে কো-অপ্ট করতে পারবে।

৪। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির অদেশক্রমে

**মোঃ সারোয়ার আলম**
উপ-সচিব।

---

**ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ**
**বীমা শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৬ বৈশাখ ১৪২০/০৯ মে ২০১৩

**নং ৫৩.০০৫.০১৫.০০.০০.১২৮.২০১৩-১৪৪**—বীমা আইন, বিভিন্ন বিধি-প্রবিধি, ADB প্রস্তাবিত রোডম্যাপ, হোয়াইট পেপার ইত্যাদি পর্যালোচনাক্রমে বাস্তবায়নযোগ্য সুপারিশকে বিবেচনায় নিয়ে প্রস্তাবিত "জাতীয় বীমা নীতি"র খসড়া প্রণয়নের লক্ষ্যে নিম্নবর্ণিতভাবে একটি কমিটি গঠন করা হইল ঃ

**আহ্বায়ক**

(১) বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের ১ জন সদস্য (জনাব নব গোপাল বণিক)।

**সদস্যবৃন্দ**

(২) বাংলাদেশ ইন্সুরেন্স এসোসিয়েশনের প্রতিনিধি (লাইফ ও নন-লাইফ হতে ১ জন করে) ২ জন।

(৩) সাধারণ বীমা কর্পোরেশন এর প্রতিনিধি ১ জন।

(৪) জীবন বীমা কর্পোরেশন এর প্রতিনিধি ১ জন।

(৫) বাংলাদেশ ইন্সুরেন্স একাডেমীর পরিচালক।

**সদস্য-সচিব**

(৬) উপ-সচিব (বীমা), ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ।

২। আগামী ৩১ মে ২০১৩ তারিখের মধ্যে উক্ত কমিটি "জাতীয় বীমা নীতি"র খসড়া ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগে জমা দিবে।

৩। প্রয়োজনে কমিটি আবশ্যক কোনও ব্যক্তিকে কো-অপ্ট করিতে পারিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শেখ সিদ্দিকুর রহমান**

সহকারী সচিব।

---

**অর্থ বিভাগ**

**প্রশাসন-২ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১১ বৈশাখ ১৪২০/২৪ এপ্রিল ২০১৩

**নং অম/অবি(প্রঃ-২)/২(৫)/২০০২/১৪১**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১২৭(১) অনুচ্ছেদের প্রদত্ত ক্ষমতাবলে মহামান্য রাষ্ট্রপতি, মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক পদে জনাব মাসুদ আহমেদ, সদস্য পরিকল্পনা কমিশন (৭১৩১)-কে নিয়োগ প্রদান করেছেন। শপথ গ্রহণের পর হতে এ নিয়োগ কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

জালাল আহমেদ

অতিরিক্ত সচিব।

---

**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**অধিশাখা-২ (কর)**

**প্রজ্ঞাপন**

তারিখ, ০৪ বৈশাখ ১৪২০/১৭ এপ্রিল ২০১৩

**নং ০৮.০০.০০০০.০৩৭.২৭.৩৩৭.২০০৯-৩৫৫**—যেহেতু, জনাব মোঃ মাহবুবুর রহমান, সহকারী কর কমিশনার, কর অঞ্চল-১, ঢাকা যুক্তরাজ্যের Metropoliton College, London-এ Masters of Business Administration (MBA) কোর্সে অধ্যয়নের নিমিত্ত কর্মস্থল হতে অবমুক্তির দিন হতে ২ (দুই) বছরের জন্য শিক্ষা ছুটি (Study leave) গ্রহণ করে ২৯-০৫-২০০৫ তারিখ অপরাহ্নে কর্মস্থল হতে অবমুক্ত হয়ে যুক্তরাজ্য গমন করেন;

যেহেতু, জনাব মোঃ মাহবুবুর রহমান, উক্ত সময়-সীমা উত্তীর্ণ হয়ে যাওয়ার পর অর্থাৎ ২৮-০৫-২০০৭ তারিখের পর ছুটির মেয়াদ আরও ৬ (ছয়) মাস অর্থাৎ ৩০ নভেম্বর, ২০০৭ তারিখ পর্যন্ত বর্ধিত করনের আবেদন করেন। উক্ত আবেদন হতে দেখা যায় যে, তিনি শিক্ষা প্রতিষ্ঠান এবং পাঠ্য বিষয় পরিবর্তন করে University of Strathelyde-এ Structural Engineering বিষয়ে পড়াশুনা করেন;

যেহেতু, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ কর্তৃক তাঁর প্রার্থীত ছুটি মঞ্জুর না করে তাঁর শিক্ষা প্রতিষ্ঠান পরিবর্তন এবং পাঠ্য বিষয় পরিবর্তনের বিষয়টি তাঁর দপ্তর বা মন্ত্রণালয়কে অবহিত না করার কারণ ব্যাখ্যা করার নির্দেশ দেয়া হলেও ব্যাখ্যা প্রদান করেননি বা প্রার্থীত ছুটির তারিখ উত্তীর্ণ হলেও তিনি কর্মস্থলে যোগদান করেননি। তিনি ২৯-০৫-২০০৭ তারিখ হতেই অননুমোদিতভাবে কর্ম (Duty) হতে অনুপস্থিত রয়েছেন। তিনি ছুটি বা কোন যুক্তিসংগত কারণ ব্যতীত বেআইনীভাবে অদ্যাবধি কর্ম (Duty) হতে অনুপস্থিত রয়েছেন;

যেহেতু, বি. এস. আর. পার্ট-১ এর বিধি-৩৪ অনুযায়ী ছুটিসহ অথবা ছুটি ব্যতীত একাধিক্রমে পাঁচ বছর কর্ম (Duty) হতে অনুপস্থিত থাকার পর একজন সরকারি কর্মচারীর চাকুরীর অবসান (ceases to be in government employ) হবে। জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৮-০৯-৯৮ তারিখের সম(বিধি-৪)-আর-১১/৯১-১৩৫(২২০) নং আদেশে বর্ণিত চাকুরীর অবসান স্বয়ংক্রিয়ভাবেই ঘটে। তবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ-১৩৫(২) অনুযায়ী অনুরূপ পদে নিযুক্ত ব্যক্তিকে তাঁর সম্পর্কে প্রস্তাবিত ব্যবস্থা গ্রহণের বিরুদ্ধে কারণ দর্শানোর যুক্তিসংগত সুযোগদান করার পর তাঁর চাকুরীর অবসান হবে;

যেহেতু, জনাব মোঃ মাহবুবুর রহমান-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫-এর বিধি ৩(বি) এবং ৩(সি) মোতাবেক অসদাচরণ (Misconduct) এবং বিনা অনুমতিতে কার্যত্যাগের (Desertion) অভিযোগ আনয়ন করে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারী করা হয়। কিন্তু তিনি নির্ধারিত সময়ের মধ্যে কোন জবাব প্রদান করেননি;

যেহেতু, জনাব মোঃ মাহবুবুর রহমান-এর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলা তদন্তের জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয় এবং তদন্ত কর্মকর্তা তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মন্তব্য করেছেন। জনাব মোঃ মাহবুবুর রহমান কর্ম (Duty) হতে একাদিক্রমে ৫ বৎসরের অধিককাল অনুপস্থিত থাকায় বি. এস. আর. পার্ট-১-এর বিধি-৩৪ অনুযায়ী তাঁর চাকুরী অবসানযোগ্য;

যেহেতু, জনাব মোঃ মাহবুবুর রহমান, সহকারী কর কমিশনার, কর অঞ্চল-১, ঢাকা-এর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলার প্রেক্ষিতে বি. এস. আর. পার্ট-১-এর বিধি-৩৪ অনুযায়ী ৩০-০৫-২০১০ খ্রিঃ তারিখ হতে তাঁর চাকুরী অবসান (ceases to be in government employ) করা হলো;

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ গোলাম হোসেন**

সচিব।

**শাখা-৩ (শুল্ক)**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১০ বৈশাখ ১৪২০/২৩ এপ্রিল ২০১৩

**নং ০৮.০০.০০০০.০৩৮.২৭.০৩৩.১০-২১৭**—যেহেতু, বিসিএস (শুল্ক ও আবগারী) ক্যাডারের কর্মকর্তা জনাব মোহাম্মদ ছালাউদ্দিন রিপন, সহকারী পরিচালক, নিরীক্ষা গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর-মূল্য সংযোজন কর, ঢাকা-এর বিরুদ্ধে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দরের মূল্যবান গুদাম থেকে স্বর্ণ অপসারণের অভিযোগে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫-এর বিধি ৩ (বি) ও বিধি ৩ (ডি) ধারায় অভিযুক্ত করে এ বিভাগের ০৬-১২-২০১০ তারিখের অম/অসবি-৩/শুল্ক-৩৩/২০১০/৮৫৯ নং স্মারকমূলে বিভাগীয় মামলা রুজু করা হয়; এবং

যেহেতু, উক্ত বিভাগীয় মামলায় নির্ধারিত ১০ কার্যদিবসের মধ্যে জনাব মোহাম্মদ ছালাউদ্দিন রিপন জবাব দাখিল করেননি এবং সময় বৃদ্ধির কোন আবেদন করেননি বিধায় বিষয়টি তদন্তের জন্য সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৭ (৩) বিধি অনুযায়ী অত্র বিভাগের ১৬-০১-২০১১ তারিখের ০৮.০৩৩.০২৭.০১.০১.০৩৩.২০১০-৩৭ নং স্মারকে জনাব কে, এম অহিদুল আলম, অতিরিক্ত কমিশনার (চঃদাঃ) কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়; এবং

যেহেতু, তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে যে, জনাব মোহাম্মদ ছালাউদ্দিন রিপন ঢাকা কাস্টম হাউজ-এর মূল্যবান শুল্ক গুদাম থেকে স্বর্ণ ও স্বর্ণালংকার আত্মসাৎ ঘটনায় দোষী; এবং

যেহেতু, তদন্তকারী কর্মকর্তার তদন্ত প্রতিবেদন ও সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনাক্রমে কর্তৃপক্ষ কর্তৃক জনাব মোহাম্মদ ছালাউদ্দিন রিপনকে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫-এর বিধি-৩ (ডি) তে বর্ণিত দুর্নীতিপরায়ণ হওয়ার অভিযোগের ভিত্তিতে দোষী সাব্যস্ত করে তাকে কেন 'চাকরী হতে অপসারণ' (removal from service) করা হবে না তদমর্মে ২য় কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়; এবং

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা জনাব মোহাম্মদ ছালাউদ্দিন রিপন ২য় কারণ দর্শানোর নোটিশে প্রস্তাবিত শাস্তির বিরুদ্ধে কোন সন্তোষজনক জবাব প্রদান করতে পারেননি; এবং

যেহেতু, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ কর্তৃক 'চাকুরী হতে অপসারণ' (removal from service)-এর গুরুদণ্ড আরোপের প্রস্তাবের প্রেক্ষিতে বাংলাদেশ সরকারি কর্ম কমিশন জনাব মোহাম্মদ ছালাউদ্দিন রিপনকে 'চাকুরী হতে অপসারণ' (removal from service) করণের প্রস্তাবের সাথে একমত পোষণ করেন;

এক্ষণে সেহেতু, জনাব মোহাম্মদ ছালাউদ্দিন রিপন, সহকারী পরিচালক, নিরীক্ষা গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর-মূল্য সংযোজন কর, ঢাকাকে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি-৪(৩)(সি) মোতাবেক 'চাকুরী হতে অপসারণ' (removal from service) করা হ'ল।

জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ গোলাম হোসেন**
সচিব।

**জাতীয় রাজস্ব বোর্ড**

**সংশোধিত আদেশাবলী**

তারিখ, ০৬ মে ২০১৩

**নং ৬(৩) শুঃ ভঃ প্রঃ-১/২০১১/২৮৭**—জাতীয় রাজস্ব বোর্ডের প্রজ্ঞাপন নং ৫(৩) শুঃ ভঃ প্রঃ-১/২০০৭/৭৮২ তারিখ ১৪ নভেম্বর, ২০১১ এর ক্রমিক নং ১৪ জনাব কফিল উদ্দিন (জন্ম তারিখ ঃ ৩০-১০-১৯৫৪, মুক্তিযোদ্ধা), রাজস্ব কর্মকর্তাকে কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা থেকে শুল্ক, আবগারী ও ভ্যাট কমিশনারেট, রংপুর-এ বদলীর আদেশ রীট পিটিশন নং ১০০৫১/২০১১ এর উপর মাননীয় হাইকোর্ট বিভাগের আদেশ অনুযায়ী এতদ্বারা বাতিল করা হলো।

২। প্রজ্ঞাপনের অন্যান্য অংশ অপরিবর্তিত থাকবে।

**নং ৬(২) শুঃ ভঃ প্রঃ-১/২০১১/২৮৮**—জাতীয় রাজস্ব বোর্ডের প্রজ্ঞাপন নং ৫(৩) শুঃ ভঃ প্রঃ-১/২০০৭/৭৮২ তারিখ ১৪ নভেম্বর, ২০১১ এর ক্রমিক নং ১৭ জনাব মবিনুল হক (জন্ম তারিখ ঃ ১৮-০৩-১৯৫৪, মুক্তিযোদ্ধা), রাজস্ব কর্মকর্তাকে কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা থেকে শুল্ক, আবগারী ও ভ্যাট কমিশনারেট, সিলেট-এ বদলীর আদেশ রীট পিটিশন নং ৯৯৬৭/২০১১ এর উপর মাননীয় হাইকোর্ট বিভাগের আদেশ অনুযায়ী এতদ্বারা বাতিল করা হলো।

২। প্রজ্ঞাপনের অন্যান্য অংশ অপরিবর্তিত থাকবে।

**মোঃ শামসুদ্দীন**
দ্বিতীয় সচিব (শুঃভঃপ্রঃ-১)।

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**

**আইন ও বিচার বিভাগ**

**বিচার শাখা-৬**

**আদেশাবলী**

তারিখ, ১৬ এপ্রিল ২০১৩

**নং আর-৬/৭এন-১৪/২০১৩-২১৫**—১৯৬১ সালের নোটারী অধ্যাদেশ (১৯৬১ সালের ১৯নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে সিলেট জেলা আইনজীবী সমিতির সদস্য এ্যাডভোকেট জনাব সমর বিজয় সী (শেখর), পিতা জনাব রণধীর সীকে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্তে এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩(তিন) বৎসরের মেয়াদে নোটারীরূপে নিয়োগ করা হইল।

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে তিনি কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে তিনি উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীনে আবেদন পেশ করিবেন।

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালার ১৯নং ফরমে তিনি প্রতিবৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

তারিখ, ২১ এপ্রিল ২০১৩

**নং আর-৬/৭এন-১৮/২০১৩-২৩৭**—১৯৬১ সালের নোটারী অধ্যাদেশ (১৯৬১ সালের ১৯নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে কিশোরগঞ্জ জেলা আইনজীবী সমিতির সদস্য এ্যাডভোকেট জনাব মোঃ শাখাওয়াত হোসেন, পিতা মরহুম জনাব আবু ছিদ্দিককে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্তে এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩(তিন) বৎসরের মেয়াদে নোটারীরূপে নিয়োগ করা হইল।

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে তিনি কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে তিনি উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীনে আবেদন পেশ করিবেন।

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালার ১৯নং ফরমে তিনি প্রতিবৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

তারিখ, ৩০ এপ্রিল ২০১৩

**নং আর-৬/৭এন-১৩/২০১৩-২৪১**—১৯৬১ সালের নোটারী অধ্যাদেশ (১৯৬১ সালের ১৯নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে নরসিংদী জেলা আইনজীবী সমিতির সদস্য এ্যাডভোকেট জনাব সায়িদ মাহমুদ হাসান, পিতা মরহুম জনাব মুহম্মদ সামসুল ইসলামকে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্তে এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩(তিন) বৎসরের মেয়াদে নোটারীরূপে নিয়োগ করা হইল।

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে তিনি কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে তিনি উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীনে আবেদন পেশ করিবেন।

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালার ১৯নং ফরমে তিনি প্রতিবৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

**নং আর-৬/৭এন-২২/২০১৩-২৪২**—১৯৬১ সালের নোটারী অধ্যাদেশ (১৯৬১ সালের ১৯নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে সিরাজগঞ্জ জেলা আইনজীবী সমিতির সদস্য এ্যাডভোকেট জনাব মোঃ শফিকুল ইসলাম, পিতা মরহুম জনাব মোঃ নুরুল ইসলামকে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্তে এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩(তিন) বৎসরের মেয়াদে নোটারীরূপে নিয়োগ করা হইল।

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে তিনি কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে তিনি উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীনে আবেদন পেশ করিবেন।

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালার ১৯নং ফরমে তিনি প্রতিবৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

**নং আর-৬/৭এন-২৭/২০১৩-২৪৩**—১৯৬১ সালের নোটারী অধ্যাদেশ (১৯৬১ সালের ১৯নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে সিরাজগঞ্জ জেলা আইনজীবী সমিতির সদস্য এ্যাডভোকেট জনাব জিসমত আরা, পিতা মরহুম জনাব মোঃ জহুরুল আলমকে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্তে এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩(তিন) বৎসরের মেয়াদে নোটারীরূপে নিয়োগ করা হইল।

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে তিনি কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে তিনি উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীনে আবেদন পেশ করিবেন।

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালার ১৯নং ফরমে তিনি প্রতিবৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মিজানুর রহমান খান**
উপ-সচিব (প্রশাসন)।

**বিচার শাখা-৭**

**আদেশাবলী**

তারিখ, ১৮ এপ্রিল ২০১৩

**নং বিচার-৭/২এন-৫/২০০৫(অংশ)-২৭৪**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব মুহাম্মদ মাহবুবুল হক, পিতা আবুল কাশেম মোঃ সাইফুল্লা, গ্রাম-ধোলাকান্দি (কাজীবাড়ী), ডাকঘর-রাধাপুর, সদর উপজেলা, লক্ষীপুর) এই আইন ও উহার অধীন

প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে লক্ষীপুর জেলার সদর উপজেলার ৬নং বাঙ্গাখাঁ ইউনিয়ন এলাকায় বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ বা তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

তারিখ, ২৮ এপ্রিল ২০১৩

**নং বিচার-৭/২এন-৩৩/৯৪-২৯২**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব মোঃ মুনছুর ইসলাম, পিতা মোঃ আফজাল হোসেন, সাং-মধ্য পুংগলী, ডাকঘর-পাঁচপুংগলী, উপজেলা ফরিদপুর, জেলা-পাবনা) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে পাবনা জেলার ফরিদপুর উপজেলার পুংগলী ইউনিয়নের এলাকায় বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ বা তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

তারিখ, ৩০ এপ্রিল ২০১৩

**নং বিচার-৭/২এন-২০/২০১২-৩০৫**—নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, সরকার ১৮৭২ সালের স্পেশাল ম্যারিজ আইন এর ৩ ধারা মোতাবেক এডভোকেট জনাব মোঃ হাবিবুর রহমান, পিতা মোঃ আশ্রাফ আলীকে কিশোরগঞ্জ জেলার জন্য স্পেশাল ম্যারিজ রেজিস্ট্রার হিসাবে লাইসেন্স প্রদানের অনুমোদন জ্ঞাপন করলেন।

২। স্পেশাল ম্যারিজ রেজিস্ট্রী করার ক্ষেত্রে আপনি ১৮৭২ সালের স্পেশাল ম্যারিজ আইন অনুসরণ করবেন।

৩। স্পেশাল ম্যারিজ রেজিস্ট্রী করার ক্ষেত্রে আপনি সর্বোচ্চ ৫০০০/= (পাঁচ হাজার) টাকা গ্রহণ করতে পারবেন।

৪। সরকার কর্তৃক স্থগিত না করা হলে লাইসেন্সধারীর ৬৫ বৎসর পূর্ণ হওয়া তারিখ হতে অবসর গ্রহণ করেছেন বলে গণ্য হইবে।

তারিখ, ০৭ মে ২০১৩

**নং বিচার-৭/২এন-২৬/২০১২(অংশ)-৩১৯**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব মোঃ আবেদ হোসাইন, পিতা-মৃত বাছের আলী, সাং-কাশিমনগর, ওয়ার্ড নং-০৯, পৌরসভা-সিংগাইর, ডাকঘর-সিংগাইর, উপজেলা-সিংগাইর, জেলা-মানিকগঞ্জ) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে মানিকগঞ্জ জেলার সিংগাইর উপজেলার সিংগাইর পৌরসভার ৭, ৮ ও ৯নং ওয়ার্ড এলাকায় বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ বা তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

তারিখ, ৯ মে ২০১৩

**নং বিচার-৭/২এন-১০/২০১৩-৩৩৬**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে জনাব মোহাম্মদ শামসুল ইসলাম, পিতা মোঃ সুরুজ আলী, গ্রাম-শরিষপুর, ডাকঘর-পীরগন্জ বাজার, উপজেলা-ছাতক, জেলা সুনামগঞ্জ। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে সুনামগঞ্জ জেলার ছাতক উপজেলার ১২নং ছৈলা ইউনিয়ন এলাকায় বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ বা তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

**মোঃ বরিউল আলম**
সিনিয়র সহকারী সচিব।

## গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

### প্রশাসন শাখা-৬

### প্রজ্ঞাপন

তারিখ, ২১ এপ্রিল ২০১৩

**নং প্রশা-৬/রাজ-১০/৯৯/৩১৮**—গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়ের ১৭-০৯-২০০৮ তারিখের প্রশা-৬/রাজ-৭৯/৯৮/৬৪৮/১(৩৩) নম্বর স্মারক বাতিলপূর্বক বিল্ডিং কনস্ট্রাকশন এ্যাক্ট ১৯৫২ এর ৩(২) ধারায় বর্ণিত ক্ষমতাবলে উক্ত এ্যাক্টের ৩(১) এবং ধারা-৯ অনুযায়ী এবং ঢাকা মহানগর ইমারত নির্মাণ বিধিমালা-২০০৮ এর বিধি-৩০ ও ৩১ অনুসরণে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের অথরাইজড অফিসারের ক্ষমতা প্রয়োগের নিমিত্ত কর্তৃপক্ষের আওতাভুক্ত ৮ (আট)টি জোনে নিম্নবর্ণিত কর্মকর্তাবৃন্দের সমন্বয়ে ৮(আট)টি বিল্ডিং কনস্ট্রাকশন কমিটি পুর্নগঠন করা হলো ঃ

**পুনর্গঠিত বিল্ডিং কনস্ট্রাকশন কমিটি**

**বিল্ডিং কনস্ট্রাকশন কমিটি-১এ (ধানমন্ডি জোন) ঃ**

| ক্রমিক নং | কর্মকর্তার বিবরণ | দায়িত্ব |
|---|---|---|
| (১) | সদস্য (উন্নয়ন), রাজউক, ঢাকা | চেয়ারম্যান |
| (২) | জনাবা শেগুফতা শারমীন আশরাফ, সহকারী অথরাইজড অফিসার, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা | সদস্য |
| (৩) | জনাব এ, কে, এম মাসুদ পারভেজ, সহকারী স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, সেগুন বাগিচা, ঢাকা | সদস্য |
| (৪) | জনাব মোহাম্মদ মেহদী হাসান, নির্বাহী প্রকৌশলী (চঃ দাঃ), প্রকল্প (রাজউক) বিভাগ | সদস্য |
| (৫) | অথরাইজড অফিসার-১এ, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা | সদস্য-সচিব |
| | **আওতাধীন এলাকা ও চৌহদ্দী** | |
| এলাকা | লালাবাগ থানা (আংশিক), হাজারীভাগ, কামরাঙ্গীরচর, কেরানীগঞ্জ (আংশিক), কোতয়ালী (আংশিক), আদাবর (আংশিক), নিউমার্কেট, সাভার (আংশিক), ধানমন্ডি, মোহাম্মদপুর (আংশিক)। | |
| চৌহদ্দি | **উত্তরে** ঃ বিজয় সরণি, মানিক মিয়া এ্যাভিনিউ, আসাদ এ্যাভিনিউ, মোহাম্মদপুর বাসস্ট্যান্ড, বেড়ী বাঁধ (পশ্চিম শহর রক্ষা বাঁধ) হয়ে গাবতলী বাস টার্মিনাল, ঢাকা-আরিচা মহাসড়ক, আমিন বাজার, হেমায়েতপুর, ঢাকা-সিংগাইর সড়ক-এর দক্ষিণ পার্শ্ব, ধলেশ্বরী নদীর শহীদ রফিক ব্রীজ। | |
| | **দক্ষিণে** ঃ নওয়াবপুর রোড, ইংলিশ রোড, মিটফোর্ড হাসপাতাল, বুড়িগঙ্গা ২য় ব্রীজ হয়ে কেরানীগঞ্জ উপজেলা অফিস, রুহিতপুর (রামেরকান্দা) হয়ে ধলেশ্বরী নদী পর্যন্ত। | |
| | **পূর্বে** ঃ বিজয় সরণি ফোয়ারা, কাজী নজরুল ইসলাম এ্যাভিনিউ, শাহবাগ, রমনা পার্কের পশ্চিম পার্শ্ব, প্রেস ক্লাব, সচিবালয়, বঙ্গবন্ধু এ্যাভিনিউ হয়ে গুলিস্থান। | |
| | **পশ্চিমে** ঃ নতুন সোনাকান্দা, হোগলাকান্দি, হযরতপুর, হরিণধরা, ধলেশ্বরী নদী। | |

**বিল্ডিং কনস্ট্রাকশন কমিটি-১বি (সুত্রাপুর জোন) ঃ**

| ক্রমিক নং | কর্মকর্তার বিবরণ | দায়িত্ব |
|---|---|---|
| (১) | সদস্য (উন্নয়ন), রাজউক, ঢাকা | চেয়ারম্যান |
| (২) | জনাব নওয়াজীশ মাহবুব, সহকারী প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, সেগুন বাগিচা, ঢাকা | সদস্য |
| (৩) | জনাব মনিরুজ্জামান মনি, সহকারী প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা | সদস্য |
| (৪) | জনাব মোঃ সামসুল ইসলাম, সহকারী প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা | সদস্য |
| (৫) | অথরাইজড অফিসার-১বি, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা | সদস্য-সচিব |
| | **আওতাধীন এলাকা ও চৌহদ্দী** | |
| এলাকা | কোতয়ালী থানা (আংশিক), লালবাগ (আংশিক), সুত্রাপর, ডেমড়া থানা (আংশিক), দক্ষিণ কেরানীগঞ্জ (আংশিক), নারায়ণগঞ্জ (আংশিক)। | |
| চৌহদ্দি | **উত্তরে** ঃ নওয়াবপুর রোড, ইংলিশ রোড, মিটফোর্ড হাসপাতাল, বুড়িগঙ্গা ২য় ব্রীজ হয়ে কেরাণীগঞ্জ উপজেলা অফিস, রুহিতপুর (রামেরকান্দা) সড়ক বরাবর দক্ষিণ এলাকা হয়ে ধলেশ্বরী নদী পর্যন্ত। | |
| | **দক্ষিণে** ঃ ইছামতি নদী, পশ্চিম ছটফটিয়া, মামুদাদপুর। | |
| | **পূর্বে** ঃ টয়েনবী সার্কুলার রোড, হাটখোলা রোড, সায়দাবাদ, যাত্রাবাড়ী মোড় (ডেমরা থানা), ঢাকা নারায়ণগঞ্জ রোড (পুরাতন), পোস্তাগোলা, আইলবাহার, পঞ্চবটী, ধলেশ্বরীর পূর্ব সীমানা। | |
| | **পশ্চিমে** ঃ রামেরকান্দা, ধলেশ্বরী নদী, রামনগর, রাজানগর। | |

**বিল্ডিং কনস্ট্রাকশন কমিটি-২এ (উত্তরা  জোন) ঃ**

| ক্রমিক নং | কর্মকর্তার বিবরণ | দায়িত্ব |
|---|---|---|
| (১) | সদস্য (পরিকল্পনা), রাজউক, ঢাকা | চেয়ারম্যান |
| (২) | জনাব  মোঃ তাওফিকুজ্জামান  সহকারী প্রধান স্থপতি, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, ঢাকা | সদস্য |
| (৩) | জনাব  মোঃ মোবারক হোসেন,  নির্বাহী  প্রকৌশলী, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা | সদস্য |
| (৪) | জানাব জাহিদ হাসান খান, সহকারী প্রকৌশলী , গণপূর্ত অধিদপ্তর, ঢাকা | সদস্য |
| (৫) | অথরাইজড অফিসার-২এ, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা | সদস্য-সচিব |
| **আওতাধীন  এলাকা ও চৌহদ্দী** | | |
| এলাকা | গাজীপুর সদর, টংগী, তুরাগ (আংশিক), উত্তরা, উত্তরখান, কালীগঞ্জ। | |
| চৌহদ্দি | **উত্তরে** ঃ ঢাকা-ময়মনসিংহ সড়ক-দক্ষিণ সালনা, সর্ব উত্তরে বাংলাদেশ মেশিন টুলস ফ্যাক্টরী (চত্বর), ফাজুলিয়া, বংকরআমুনা, কেশরীতা। | |
| | **দক্ষিণে** ঃ এয়ারপোর্ট রোড-দক্ষিণ খান প্রধান সড়ক, বালু নদী, কাঁচকুরা, পারাবর্তা, বেলদী, শীতলক্ষ্যা নদী পর্যন্ত। | |
| | **পূর্বে** ঃ কেশরীতা, কামারিয়া, বারিয়া বিলবেলাই, কালীগঞ্জ থানার চৌয়ারীখেলা, রাঙ্গামাটিয়া, বালিগাঁও, শীতলক্ষ্যা নদী হয়ে দাউদপুর। | |
| | **পশ্চিমে** ঃ ঢাকা-ময়মনসিংহ মহাসড়ক, উত্তরা মডেল টাউন (১-১৪ নম্বর সেক্টর), কামারপাড়া, দলিপাড়া, জসিমউদ্দিন এভিনিউ-এর পূর্ব সীমানা পর্যন্ত। | |

**বিল্ডিং কনস্ট্রাকশন কমিটি-২বি (গুলশান  জোন) ঃ**

| ক্রমিক নং | কর্মকর্তার বিবরণ | দায়িত্ব |
|---|---|---|
| (১) | সদস্য (পরিকল্পনা), রাজউক, ঢাকা | চেয়ারম্যান |
| (২) | জনাব মোস্তাক আহমেদ, সহকারী পরিচালক (স্থাপত্য), রাজউক, ঢাকা | সদস্য |
| (৩) | জনাব  মাকিদ এহসান, সহকারী অথরাইজড অফিসার, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা | সদস্য |
| (৪) | জানাব অনিন্দ কৌশল, সহকারী প্রকৌশলী , গণপূর্ত অধিদপ্তর, ঢাকা | সদস্য |
| (৫) | অথরাইজড অফিসার-২বি, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা | সদস্য-সচিব |
| **আওতাধীন  এলাকা ও চৌহদ্দী** | | |
| এলাকা | খিলক্ষেত. দক্ষিণখান, বাড্ডা, গুলশান, তেজগাঁও, তেজগাঁও শিল্প এলাকা, রূপগঞ্জ (আংশিক)। | |
| চৌহদ্দি | **উত্তরে** ঃ এয়ারপোর্ট রোড-দক্ষিণখান প্রধান সড়ক, বালু নদী, কাঁচকুরা, পারাবর্তা, বেলদী, শীতলক্ষ্যা নদী। | |
| | **দক্ষিণে** ঃ পান্থপথ ও সোনারগাঁ হোটেল, বেগুনবাড়ী খাল, রামপুরা টেলিভিশন এর পূর্বে লেকের দক্ষিণ দিক দিয়ে বনশ্রী হয়ে কায়েতপাড়া, মাজিনা রোড, শীতলক্ষ্যা নদীর পশ্চিম সীমানা। | |
| | **পূর্বে** ঃ কৃষ্ণনগর, শিমুলীয়া, শীতলক্ষ্যা নদীর পশ্চিম সীমানা। | |
| | **পশ্চিমে** ঃ এয়ারপোর্ট রোড (কসাইবাড়ী), নিকুঞ্জ, কুড়িল, হোটেল র‌্যাডিসন, জিয়া কলোনী, কাকলী, মহাখালী, জাহাঙ্গীর গেট, বিজয় সরণী, সোনারগাঁ হোটেল মোড় পর্যন্ত। | |

**বিল্ডিং কনস্ট্রাকশন কমিটি-৩এ (ধামসোনা জোন) ঃ**

| ক্রমিক নং | কর্মকর্তার বিবরণ | দায়িত্ব |
|---|---|---|
| (১) | সদস্য (অর্থ), রাজউক, ঢাকা | চেয়ারম্যান |
| (২) | জনাব মোঃ মিজানুর রহমান, সহকারী পরিচালক (স্থাপত্য), রাজউক, ঢাকা | সদস্য |
| (৩) | জনাব  আহমেদ বশীর উদ্দিন, সহকারী প্রধান স্থপতি (চঃদাঃ), স্থাপত্য অধিদপ্তর, সেগুন বাগিচা, ঢাকা | সদস্য |
| (৪) | এম, এম, এহসান জামিল , নির্বাহী প্রকৌশলী, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা | সদস্য |
| (৫) | অথরাইজড অফিসার-৩এ, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা | সদস্য-সচিব |

| আওতাধীন এলাকা ও চৌহদ্দী | |
|---|---|
| এলাকা | সাভার থানা (আংশিক), তুরাগ (আংশিক), আশুলিয়া (আংশিক), গাজীপুর সদর (আংশিক), টংগী (আংশিক)। |
| চৌহদ্দি | **উত্তরে** ঃ রাজউকের সর্ব উত্তরে ঢাকা-ময়মনসিংহ মহাসড়কের দক্ষিণ সালনা, মজলিশপুর, কোনাবাড়ী, গোবিন্দবাড়ী, দক্ষিণ পানিশাইল, নবীনগর-কালিয়াকৈর সড়ক, বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান, কাউন্দিয়া। |
| | **দক্ষিণে** ঃ টংগী ব্রীজ-ঢাকা-ইপিজেড সড়ক (বেড়ী বাঁধ), ধৌউর মোড়, আশুলিয়া বাজার, গৌরিপুর, মোহনপুর, গোপালদী, বংশী নদী। |
| | **পূর্বে** ঃ ঢাকা-ময়মনসিংহ মহাসড়কের পশ্চিম পার্শ্ব (সালনা-টংগী ব্রীজ)। |
| | **পশ্চিমে** ঃ বংশী নদী, সিন্দুরীয়া, বাগধনিয়া, নলাম কাউনদিয়া। |

**বিল্ডিং কনস্ট্রাকশন কমিটি-৩বি (মিরপুর জোন) ঃ**

| ক্রমিক নং | কর্মকর্তার বিবরণ | দায়িত্ব |
|---|---|---|
| (১) | সদস্য (অর্থ), রাজউক, ঢাকা | চেয়ারম্যান |
| (২) | জনাব মোঃ আলী আশরাফ দেওয়ান, সহকারী প্রধান স্থপতি (চঃদাঃ), স্থাপত্য অধিদপ্তর, সেগুন বাগিচা, ঢাকা | সদস্য |
| (৩) | জনাব মোহাম্মদ হোসেন, নির্বাহী প্রকৌশলী, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা | সদস্য |
| (৪) | জনাব মোঃ এ এস এম শাহরিয়ার জাহান, সহকারী প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা | সদস্য |
| (৫) | অথরাইজড অফিসার-৩বি, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা | সদস্য-সচিব |

| আওতাধীন এলাকা ও চৌহদ্দী | |
|---|---|
| এলাকা | সাভার (আংশিক), তুরাগ (আংশিক), আশুলিয়া (আংশিক), শাহ্‌আলী, মিরপুর, পল্লবী, কাফরুল, ক্যান্টনমেন্ট, আদাবর (আংশিক), মোহাম্মদপুর (আংশিক)। |
| চৌহদ্দি | **উত্তরে** ঃ কামারপাড়া (বেড়ী বাঁধ), ধৌউর মোড়, আশুলিয়া বাজার, গৌরিপুর, মোহনপুর, গোপালদী এবং দক্ষিণ-পশ্চিমে বংশী নদী। |
| | **দক্ষিণে** ঃ বিজয় সরণি, মানিক মিয়া এ্যাভিনিউ, আসাদ এ্যাভিনিউ, মোহাম্মদপুর বাসস্ট্যান্ড, বেড়ী বাঁধ (পশ্চিম শহর রক্ষা বাঁধ) হয়ে গাবতলী বাস টার্মিনাল, ঢাকা-আরিচা মহাসড়ক এর দক্ষিণ পার্শ্ব, আমিন বাজার, হেমায়েতপুর, ঢাকা-সিংগাইর সড়ক এর দক্ষিণ পার্শ্ব, ধলেশ্বরী নদীর শহীদ রফিক ব্রীজ। |
| | **পূর্বে** ঃ কামারপাড়া (বেড়ী বাঁধ), উত্তরা মডেল টাউন এর ১-১৪ নম্বর সেক্টরের বাহিরে, দলিপাড়া, জসিমউদ্দিন এ্যাভিনিউ, এয়ারপোর্ট রোড, মহাখালী, জাহাঙ্গীর গেট, বিজয় সরণি। |
| | **পশ্চিমে** ঃ গোপালদী দক্ষিণ, সাভার নামা-বাজার, ধলেশ্বরী-বংশীর পূর্ব পার্শ্ব। |

**বিল্ডিং কনস্ট্রাকশন কমিটি-৪এ (মতিঝিল জোন) ঃ**

| ক্রমিক নং | কর্মকর্তার বিবরণ | দায়িত্ব |
|---|---|---|
| (১) | সদস্য (উন্নয়ন), রাজউক, ঢাকা | চেয়ারম্যান |
| (২) | মোহাম্মদ ফেরদৌস হাসান খান, সহকারী প্রধান স্থপতি (চঃদাঃ), স্থাপত্য অধিদপ্তর, সেগুন বাগিচা, ঢাকা | সদস্য |
| (৩) | জনাব মোঃ সামছুল ইসলাম, সহকারী প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা | সদস্য |
| (৪) | জনাব মোহাম্মদ মনিরুল হক, সহকারী প্রকৌশলী, কেন্দ্রীয় ঢাকা, রাজউক, ঢাকা | সদস্য |
| (৫) | অথরাইজড অফিসার-৪এ, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা | সদস্য-সচিব |

| আওতাধীন এলাকা ও চৌহদ্দী | |
|---|---|
| এলাকা | খিলগাঁও, রমনা, মতিঝিল, পল্টন, সবুজবাগ, ডেমরা, যাত্রাবাড়ী, সিদ্ধিরগঞ্জ (আংশিক), রূপগঞ্জ (আংশিক), সোনারগাঁও (আংশিক)। |
| চৌহদ্দি | **উত্তরে** ঃ পান্থপথ ও সোনারগাঁ হোটেল, বেগুনবাড়ী খাল, রামপুরা, টেলিভিশন এর পূর্বে লেকের দক্ষিণ বরাবর বনশ্রী হয়ে কায়েতপাড়া, মাজিনা, শীতলক্ষ্যা নদীর পশ্চিম সীমানা। |
| | **দক্ষিণে** ঃ যাত্রাবাড়ী (ডেমরা থানা), মুক্তি সরণি, রায়েরবাগ, সাইনবোর্ড, কাঁচপুর ব্রীজ, ঢাকা-চিটাগাং মহাসড়ক, মদনপুর আলমপুর ও বাস্তাল। |
| | **পূর্বে** ঃ বাস্তাল, বড়গাঁও, দরিকান্দি, আরিবা, কেশরাবো, কাঞ্চন। |
| | **পশ্চিমে** ঃ সোনারগাঁ হোটেল, এয়ারপোর্ট রোড হয়ে রমনা পার্কের পশ্চিম পার্শ্ব, প্রেস ক্লাব, সচিবালয়, বঙ্গবন্ধু এ্যাভিনিউ হয়ে গুলিস্তান পর্যন্ত, টয়েনভী সার্কুলার রোড, হাটখোলা রোড, সায়দাবাদ, যাত্রাবাড়ী মোড়। |

**বিল্ডিং কনস্ট্রাকশন কমিটি-৪বি (নারায়ণগঞ্জ জোন) ঃ**

| ক্রমিক নং | কর্মকর্তার বিবরণ | দায়িত্ব |
|---|---|---|
| (১) | সদস্য (অর্থ), রাজউক, ঢাকা | চেয়ারম্যান |
| (২) | জনাব বিশ্বজিৎ বড়ুয়া, সহকারী প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, সেগুন বাগিচা, ঢাকা | সদস্য |
| (৩) | জনাব শাহনেওয়াজ মাসুদ, সহকারী প্রধান স্থপতি (চঃদাঃ), স্থাপত্য অধিদপ্তর, সেগুন বাগিচা, ঢাকা | সদস্য |
| (৪) | রাহাত মুসলেমীন, সহকারী প্রকৌশলী, পূর্বাচল নতুন শহর প্রকল্প, রাজউক, ঢাকা | সদস্য |
| (৫) | অথরাইজড অফিসার-৪বি, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা | সদস্য-সচিব |

| আওতাধীন এলাকা ও চৌহদ্দী | |
|---|---|
| এলাকা | যাত্রাবাড়ী (আংশিক), শ্যামপুর, ফতুল্লা, সিদ্ধিরগঞ্জ (আংশিক), ডেমরা (আংশিক), নারায়ণগঞ্জ, বন্দর, সোনারগাঁও (আংশিক)। |
| চৌহদ্দি | **উত্তরে** ঃ যাত্রাবাড়ী থানা, মুক্তি সরণি, রায়েরবাগ, সাইনবোর্ড, কাঁচপুর ব্রীজ, ঢাকা-চিটাগাং মহাসড়ক, মদনপুর, আলমপুর ও বাস্তাল। |
| | **দক্ষিণে** ঃ সৈয়দপুর, গপচর, মাহানপুর, ধলেশ্বরী নদী। |
| | **পূর্বে** ঃ মাহানপুর, ধলেশ্বরী নদী, পুরাতন ব্রহ্মপুত্র, ঢাকা-চিটাগাং রোড (লাঙ্গলবন্ধ), শিরাব, আলমপুর, বাস্তাল। |
| | **পশ্চিমে** ঃ যাত্রাবাড়ী মোড় হয়ে ঢাকা নারায়ণগঞ্জ রোড হয়ে পোস্তাগোলা, আইলবাহার, ঢাকা নারায়ণগঞ্জ পুরাতন রাস্তা, পঞ্চবটী হয়ে ধলেশ্বরীর পূর্ব সীমানা। |

**শর্তসমূহ ঃ**

(ক) সপ্তাহে বি, সি কমিটির কমপক্ষে একটি সভা অনুষ্ঠিত হইবে;

(খ) কমিটির সভার জন্য কোরামের সদস্য সংখ্যা হইবে ৩ (তিন) জন। কমিটির সকল সিদ্ধান্ত সর্বসম্মত হইতে হইবে;

(গ) বিসি কমিটির কোন একজন চেয়ারম্যান-এর অনুপস্থিতিতে leave ও substitute অন্তর্বর্তীকালীন চেয়ারম্যানের দায়িত্ব পালন করবেন;

(ঘ) বিসি কমিটি-১এ, ২এ, ৩এ, ও ৪এ-এর সদস্য সচিবের অনুপস্থিতিতে যথাক্রমে বিসি কমিটি-১বি, ২বি, ৩বি ও ৪বি-এর সদস্য সচিব এবং তদ্বিপরীত (Vice Versa) ভাবে বিকল্প সদস্য সচিবের দায়িত্ব পালন করবেন।

(ঙ) বিকল্প সদস্য সচিবের অনুপস্থিতিতে বিসি কমিটি ১এ, ১বি, ২এ ও ২বি-এর সদস্য সচিব যথাক্রমে বিসি কমিটি ৩এ, ৩বি, ৪এ ও ৪বি এর সদস্য সচিব এবং তদ্বিপরীত (vice versa) ভাবে অন্তর্বর্তীকালীন সদস্য সচিবের দায়িত্ব পালন করবেন।

২। এ আদেশ জনস্বার্থে জারী করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**নাজিয়া ইসলাম**
সিনিয়র সহকারী সচিব।

**প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়**
**প্রশাসন অধিশাখা-২**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৩ জুলাই ২০১২

**নং ৪৯.০০২.০১৫.০২৬.০০.০০.২০১০-৪০০**—প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর আওতাধীন "বিভিন্ন টিটিসিতে ইন্ডাষ্ট্রিয়াল সুইং মেশিন অপারেটর এন্ড মেইনটেন্যান্স, রেডিও, টিভি এবং রেফ্রিজারেশন এণ্ড এয়ারকন্ডিশনিং ট্রেড চালুকরণ" শীর্ষক সমাপ্ত প্রকল্পের রাজস্ব খাতে অস্থায়ীভাবে সৃষ্ট/স্থানান্তরিত নিম্নোক্ত ৩টি ক্যাটাগরির ৫টি গ্রেডের ৭৪টি পদের মেয়াদ ০১-০৬-২০১২ হতে স্থায়ীভাবে সংরক্ষণে নির্দেশক্রমে সরকারী মঞ্জুরী জ্ঞাপন করছি।

| ক্রমিক নং | পদের নাম | বেতনক্রম '২০০৯ | পদের সংখ্যা |
|---|---|---|---|
| (১) | চীফ ইন্সট্রাক্টর | ৮০০০—১৬৫৪০/- | ০৬ |
| (২) | সিনিয়র ইন্সট্রাক্টর (ডিপ্লোমা) | ৮০০০—১৬৫৪০/- | ০৫ |
| (৩) | সিনিয়র ইন্সট্রাক্টর (নন-ডিপ্লোমা) | ৬৪০০—১৪২৫৫/- | ০৬ |
| (৪) | ইন্সট্রাক্টর (ডিপ্লোমা) | ৮০০০—১৬৫৪০/- | ৩৭ |
| (৫) | ইন্সট্রাক্টর (নন-ডিপ্লোমা) | ৫২০০—১১২৩৫/- | ২০ |
| | | মোট | ৭৪ |

২। উক্ত পদগুলোর যাবতীয় ব্যয়ভার জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর হিসাবের ৩-৬৫৩১-০২০০-৪৫০১-৪৬০১-৪৭০০ প্রধান খাতসমূহ হতে নির্বাহ করা হবে।

৩। জনপ্রশাসন ও অর্থ মন্ত্রণালয়ের সম্মতি এবং অত্র মন্ত্রণালয়ের যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হ'ল।

**সৈয়দ মোঃ তাজুল ইসলাম**
উপ-সচিব।

---

**প্রতিরক্ষা মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ১৫ বৈশাখ ১৪২০/২৮ এপ্রিল ২০১৩

**নং ১প্র-২/ডি-৯/৯২/অংশ/১৫১**—The Cantonments Act, 1924 (Act II of 1924)-এর Section 13A(5)-এর বিধান অনুযায়ী সরকার ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড-এর মেয়াদোত্তীর্ণ নিম্নোক্ত সদস্যদের পদ শূণ্য ঘোষণা করলেন ঃ

**সদস্যবৃন্দ**

(ক) জনাব মমতাজ উদ্দিন আহমেদ, সাব-ডিভিশনাল অফিসার এবং ১ম শ্রেণীর ম্যাজিস্ট্রেট, ঢাকা।

(খ) উইং কমান্ডার এম হামিদুল ইসলাম পিএসসি, বাংলাদেশ বিমান বাহিনী।

(গ) লেঃ কমান্ডার এম এইচ রহমান, বাংলাদেশ নৌবাহিনী।

(ঘ) মেজর (অবঃ) এম এ বাসেত, কচুক্ষেত, ঢাকা সেনানিবাস।

(ঙ) সৈয়দ আজহারুল হক, সেনানিবাস আবাসিক এলাকা, ঢাকা সেনানিবাস।

তারিখ, ৩১ বৈশাখ ১৪২০/১৪ মে ২০১৩

**নং ১প্র-২/ডি-৯/৯২/অংশ/১৭১**—The Cantonments Act, 1924 (Act II of 1924)-এর Section 13A(1)-এর বিধান অনুযায়ী সরকার নিম্নোক্ত সদস্যদের সমন্বয়ে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড পুনর্গঠন করলেন ঃ

**সভাপতি**

(১) ব্রিগেডিয়ার জেনারেল মোঃ সাঈদ আনোয়ারুল ইসলাম, স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস।

**সদস্যবৃন্দ**

(২) ব্রিগেডিয়ার জেনারেল মোঃ মুস্তাফিজুর রহমান, কমান্ড্যান্ট, সম্মিলিত সামরিক হাসপাতাল, ঢাকা সেনানিবাস।

(৩) ক্যাপ্টেন সৈয়দ মকছুমুল হাকিম (এনডি) এনসিসি, পিএসসি, বিএন অধিনায়ক, বিএনএস হাজী মহসিন, ঢাকা সেনানিবাস।

(৪) গ্রুপ ক্যাপ্টেন মোঃ মফিদুর রহমান, এএফডব্লিউসি, পিএসসি অধিনায়ক, প্রশাসনিক শাখা, বিমানবাহিনী ঘাঁটি বাশার, ঢাকা সেনানিবাস।

(৫) লেঃ কর্ণেল এ বি এম মিজানুর রহমান, সিএমইএস (আর্মি), ঢাকা সেনানিবাস।

(৬) কর্ণেল (অবঃ) মোঃ শহীদুল হক, বাসা # ৪০৮/৮, রোড# ৭ (পশ্চিম), ডিওএইচএস, বারিধারা ঢাকা সেনানিবাস।

(৭) জনাব হেলাল উদ্দিন আহমেদ, বাসা # ১৯, রোড # ৩, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস।

(৮) শাহে এলিদ মাইনুল আমিন, সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট, জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা।

**সদস্য-সচিব**

(৯) মোঃ রেজাউল ইসলাম, ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**রত্না শারমীন ঝরা**
সিনিয়র সহকারী সচিব।

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৬ বৈশাখ ১৪২০/৯ মে ২০১৩

**নং প্রম/ডি-২/ক্রয়-২/২০০৪/সিজিডিএফ/১৫৫**—সিজিডিএফ কার্যালয়ের অধীন সিনিয়র অর্থ নিয়ন্ত্রক (নৌ) কার্যালয়ের ক্রয়কার্য সম্পাদনের লক্ষ্যে পিপিআর-২০০৮ অনুসারে নিম্নবর্ণিত দরপত্র ও প্রস্তাব মূল্যায়ন কমিটি গঠন করা হলো ঃ

**সভাপতি**

(১) যুগ্ম-অর্থ নিয়ন্ত্রক, এসএফসি (নৌ)-এর কার্যালয়

**সদস্যবৃন্দ**

(২) প্রতিরক্ষা মন্ত্রণালয়ের প্রতিনিধি

(৩) বিআরটিএ কার্যালয়ের উপ-পরিচালক পর্যায়ের কর্মকর্তা।

(৪) সরকারি যানবাহন অধিদপ্তরের সহকারী পরিচালক পর্যায়ের কর্মকর্তা।

(৫) বিটাকের সহকারী প্রকৌশলী পর্যায়ের কর্মকর্তা

(৬) এফসি (আর্মি) পে-১ কার্যালয়ের উপ-অর্থ নিয়ন্ত্রক/সমমানের কর্মকর্তা।

**সদস্য-সচিব**

(৭) উপ-অর্থ নিয়ন্ত্রক (প্রশাসন), এসএফসি (নৌ)-এর কার্যালয়।

২। ক্রয়কার্য সম্পাদনের ক্ষেত্রে প্রয়োজনবোধে সভায় সংশ্লিষ্ট বিষয়ে বিশেষজ্ঞ সদস্যের উপস্থিতি নিশ্চিত করতে হবে।

৩। সিজিডিএফ কার্যালয়ের অধীন সিনিয়র অর্থ নিয়ন্ত্রক (নৌ) কার্যালয়ের যানবাহন, আসবাবপত্র, ইলেকট্রনিক সরঞ্জামাদি ও যন্ত্রপাতি ক্রয় বিষয়ে কমিটি কাজের প্রকৃতিভেদে নিম্নোক্ত প্রক্রিয়া অনুসরণ করবে :

(ক) যানবাহন ক্রয়ের ক্ষেত্রে উল্লিখিত ১ থেকে ৭ নং ক্রমিকে বর্ণিত সদস্যগণকে উপস্থিত থাকতে হবে;

(খ) আসবাবপত্র, ইলেকট্রনিক সরঞ্জামাদি ও যন্ত্রপাতি ক্রয়ের ক্ষেত্রে ১, ২, ৫, ৬, ও ৭নং ক্রমিকে বর্ণিত সদস্যগণকে উপস্থিত থাকতে হবে;

(গ) পিপিআর-২০০৮ এবং সরকারি ক্রয় সংক্রান্ত যবতীয় বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ/প্রতিপালন করতে হবে;

(ঘ) দরপত্র ও প্রস্তাব মূল্যায়ন কমিটির সভাপতির সংগে আলোচনাপূর্বক কমিটির সদস্য-সচিব সভা আহ্বান করবেন এবং কমিটির মতামত সভার কার্যবিবরণীতে সুপারিশ আকারে লিপিবদ্ধ করবেন;

(ঙ) চূড়ান্ত সিদ্ধান্তের জন্য কমিটির সুপারিশ স্বীয় মন্ত্রণালয়/বিভাগীয় প্রধানের নিকট পেশ করতে হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ ওয়ালিউল ইসলাম**
সহকারী সচিব।

**পরিকল্পনা মন্ত্রণালয়**
**পরিকল্পনা বিভাগ**
**প্রশাসন অধিশাখা-১**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৬ বৈশাখ ১৪২০/৯ মে ২০১৩

**নং ২০.০০.০০০০.৩০২.৩২.০১৫-১২-২৬৬**—যেহেতু, শিল্প মন্ত্রণালয়ের কর্মরত বিসিএস (ইকনমিক) ক্যাডারের কর্মকর্তা জনাব মুহাম্মদ আমিন শরীফ (০৩৯৬), সহকারী প্রধান (প্রাক্তন সহকারী প্রধান, স্থানীয় সরকার বিভাগ) গত ৩১-০৫-২০০১ তারিখ চাকুরিতে যোগদানের পর যথাসময়ে বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ না হওয়ায় তাঁর চাকুরি স্থায়ী হয়নি এবং ২০০৩ সালের পর হতে যথানিয়মে কোন বার্ষিক গোপনীয় প্রতিবেদন (এসিআর) দাখিল করেন নাই বিধায় তাঁর বিরুদ্ধে বিভাগীয় মামলা ০১/২০১২ রুজুসহ সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫-এর ৩(এ)(ii)ও ৩ (বি) বিধিমতে যথাক্রমে অদক্ষতা ও অসদাচরণ-এর অভিযোগ আনয়নপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী গঠন করা হয়; এবং

যেহেতু, তিনি অভিযোগ অস্বীকার করে লিখিত বক্তব্য প্রদান করেন এবং অভিযোগ তদন্তের নিমিত্ত সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫-এর ৭(২) সি ধারা মোতোবেক তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়; এবং

যেহেতু, তদন্তকালে অভিযুক্তের বিরুদ্ধে আনীত বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ না হওয়া এবং বার্ষিক গোপনীয় প্রতিবেদন দাখিল না করাসহ যথাসময়ে বার্ষিক গোপনীয় প্রতিবেদন দাখিলের প্রমাণক হিসাবে পরবর্তীতে ০২ টি বানোয়াট পত্র সৃজন করে প্রতারণা ও জালিয়াতির আশ্রয় নেয়াসহ সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ বিধি ৩(বি) মোতাবেক অসদাচরণের অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়; এবং

যেহেতু, তিনি পরবর্তীতে ২য় কারণ দর্শানোর জবাবে দোষ স্বীকার না করলেও ঐ জবাবের প্রেক্ষিতে পরবর্তীতে ১৪-১১-২০১২ইং তারিখে এক আবেদনে জালিয়াতি ও প্রতারণার মাধ্যমে তথ্য উপস্থাপনসহ সকল কর্মকান্ডের দোষ স্বীকার করেন এবং আত্মশুদ্ধির নিমিত্ত নিঃশর্ত ক্ষমা প্রার্থনা করেন এবং পারিবারিক, সামাজিক ও মানবিক কারণে অব্যাহতির আবেদন করেন;

সেহেতু, অভিযুক্তের বিরুদ্ধে আনীত বিভাগীয় মামলার সমুদয় কাগজপত্রাদি ও ব্যক্তিগত নথি পর্যালোচনায় তাকে গুরুদণ্ডের পরিবর্তে লঘুদন্ডের শাস্তি প্রদান করা হল। লঘুদণ্ডের শাস্তি স্বরূপ তার বেতন বৃদ্ধি ২ (দুই) বছরের জন্য স্থগিত করা হল। সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫-এর ৪(২)(বি) বিধি অনুযায়ী জনাব মুহাম্মদ আমিন শরীফ (০৩৯৬), সহকারী প্রধান, শিল্প মন্ত্রণালয় (সাবেক সহকারী প্রধান, স্থানীয় সরকার বিভাগ)-কে এরূপ শাস্তি প্রদান করা হল।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**ভূঁইয়া সফিকুল ইসলাম**
সচিব।

---

**পিটি শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১১ বৈশাখ ১৪২০/২৪ এপ্রিল ২০১৩

**নং ২০.৭৩১.০১৮.৩১.০৩.০০৩.২০১১.৯৬২**—নির্দেশিত হয়ে পরিকল্পনা বিভাগের আওতাধীন জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমীর সাংগঠনিক কাঠামোতে সংস্থান থাকায় এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৮-০১-২০১২ তারিখের ০৫.১৫৩.০১৫০৭.০১.০০৪.

১৯৮৯-০৭ নং স্মারক এবং অর্থ বিভাগের বাস্তবায়ন-১ অধিশাখা-এর ২১-০৪-২০১৩ তারিখের ০৭.০০.০০০০.১৬১.২০.০০৩.১২-৮৯ নং স্মারকের পরিপ্রেক্ষিতে উক্ত একাডেমীর ৪ ক্যাটাগরীর ৫টি পদের বেতনস্কেল নিম্নোক্তভাবে নির্ধারণে সরকারী মঞ্জুরী জ্ঞাপন করছি ঃ

| ক্রমিক নং | পদের নাম ও সংখ্যা | প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক প্রস্তাবিত বেতনস্কেল/২০০৯ | বাস্তবায়ন অনুবিভাগ কর্তৃক নির্ধারণকৃত বেতনস্কেল/২০০৯ | নিয়োগের শর্ত/ভিত্তি |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| (১) | পরিচালক (গবেষণা ও প্রকাশনা) ০১টি | টাঃ ২৫৭৫০—৩৩৭৫০ (৪নং গ্রেড) | টাঃ ২৫৭৫০—৩৩৭৫০ (৪নং গ্রেড) | **নিয়োগের যোগ্যতা ঃ** পরিকল্পনা ও উন্নয়ন একাডেমী এর কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ১৯৮৮ অনুযায়ী পদ পূরণযোগ্য। |
| (২) | সাঁটলিপিকার কাম-কম্পিউটার অপারেটর-০১টি | টাঃ ৫৫০০—১২০৯৫ (১৩নং গ্রেড) | টাঃ ৫৫০০—১২০৯৫ (১৩নং গ্রেড) | **নিয়োগের যোগ্যতা ঃ** পরিকল্পনা ও উন্নয়ন একাডেমী এর কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ১৯৮৮ অনুযায়ী পদ পূরণযোগ্য। |
| (৩) | লাইব্রেরী এটেনডেন্ট-০১টি | টাঃ ৪১০০—৭৭৪০ (২০নং গ্রেড) | টাঃ ৭৭৫০ (সাকুল্যে) | আউটসোসিং নীতিমালা অনুযায়ী পদ পূরণের শর্তে ঢাকা মেট্রোপলিটন এলাকার জন্য। |
| | | | টাঃ ৭৪৫০ (সাকুল্যে) | আউটসোসিং নীতিমালা অনুযায়ী পদ পূরণের শর্তে চট্টগ্রাম, খুলনা, রাজশাহী, সিলেট, বরিশাল-এর মেট্রোপলিটন এলাকা এবং নারায়ণগঞ্জ, টঙ্গী পৌর এলাকার জন্য। |
| (৪) | নিরাপত্তা কর্মী-০২টি | | টাঃ ৭২৫০ (সাকুল্যে) | আউটসোসিং নীতিমালা অনুযায়ী পদ পূরণের শর্তে অন্যান্য এলাকার জন্য। |

২। উপরের ৪নং কলামে নির্ধারণকৃত বেতনস্কেল ৫নং কলামে প্রদর্শিত যোগ্যতা/অভিজ্ঞতা অনুযায়ী কার্যকর হবে। উক্ত শর্তের ব্যত্যয় ঘটিয়ে বেতনস্কেল কার্যকর করা যাবে না। এতদবিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ বিভাগের রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান অনুবিভাগ কর্তৃক প্রদত্ত শর্তাদি প্রতিপালন করতে হবে।

**বেবী পারভীন**
সিনিয়র সহকারী সচিব।

---

**পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ**
**উন্নয়ন-২ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৭ এপ্রিল ২০১৩

**নং ৫২.০০৯.০২৫.০০.০০.৩৯১.২০১৩-১৯৮**—জেলা গেজেটিয়ার প্রণয়নকল্পে প্রাথমিক প্রস্তুতিমূলক কাজের জন্য গত ১৬-০৪-২০১৩ তারিখে গঠিত জাতীয় কমিটি নির্দেশক্রমে নিম্নোক্তভাবে পুনর্গঠন করা হলো ঃ

**(ক) জেলা গেজেটিয়ার প্রণয়ন সংক্রান্ত জাতীয় কমিটি ঃ**

**প্রধান উপদেষ্টা**

(১) মাননীয় পরিকল্পনা মন্ত্রী

**উপদেষ্টা**

(২) পরিকল্পনা মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির মাননীয় সভাপতি

**সভাপতি**

(৩) সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

**সদস্যবৃন্দ**

(৪) প্রতিনিধি, মন্ত্রিপরিষদ বিভাগ (যুগ্ম-সচিবের নীচে নয়)

(৫) প্রতিনিধি, প্রধানমন্ত্রীর কার্যালয় (মহাপরিচালকের নীচে নয়)

(৬) প্রতিনিধি, জনপ্রশাসন মন্ত্রণালয় (যুগ্ম-সচিবের নীচে নয়)

(৭) প্রতিনিধি, অর্থ বিভাগ (যুগ্ম-সচিবের নীচে নয়)

(৮) প্রতিনিধি, শিক্ষা মন্ত্রণালয় (যুগ্ম-সচিবের নীচে নয়)

(৯) প্রতিনিধি, পরিকল্পনা বিভাগ (যুগ্ম-সচিবের নীচে নয়)

(১০) প্রতিনিধি, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় (যুগ্ম-সচিবের নীচে নয়)

(১১) প্রতিনিধি, স্থানীয় সরকার বিভাগ (যুগ্ম-সচিবের নীচে নয়)

(১২) প্রতিনিধি, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় (যুগ্ম-সচিবের নীচে নয়)

(১৩) প্রতিনিধি, তথ্য মন্ত্রণালয় (যুগ্ম-সচিবের নীচে নয়)

(১৪) প্রতিনিধি, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় (যুগ্ম-সচিবের নীচে নয়)

(১৫) প্রতিনিধি, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ (যুগ্ম-সচিবের নীচে নয়)

(১৬) প্রতিনিধি, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় (যুগ্ম-সচিবের নীচে নয়)

(১৭) প্রতিনিধি, তথ্য যোগাযোগ ও প্রযুক্তি মন্ত্রণালয় (যুগ্ম-সচিবের নীচে নয়)

(১৮) মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো

(১৯) প্রতিনিধি, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় (যুগ্ম-সচিবের নীচে নয়)

(২০) প্রতিনিধি, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (যুগ্ম-সচিবের নীচে নয়)

(২১) প্রতিনিধি, বন ও পরিবেশ মন্ত্রণালয় (যুগ্ম-সচিবের নীচে নয়)

(২২) প্রতিনিধি, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় (যুগ্ম-সচিবের নীচে নয়)

(২৩) প্রতিনিধি, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়

(২৪) প্রতিনিধি, কৃষি মন্ত্রণালয় (যুগ্ম-সচিবের নীচে নয়)

(২৫) প্রতিনিধি, বাণিজ্য মন্ত্রণালয় (যুগ্ম-সচিবের নীচে নয়)

(২৬) প্রতিনিধি, প্রত্নতত্ত্ব অধিদপ্তর (পরিচালকের নীচে নয়)

(২৭) প্রতিনিধি, এনজিও বিষয়ক ব্যুরো (পরিচালকের নীচে নয়)

(২৮) প্রতিনিধি, ইতিহাস বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়

(২৯) প্রতিনিধি, ভূগোল বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়

(৩০) প্রতিনিধি, নৃতত্ত্ব বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

(৩১) প্রতিনিধি, এশিয়াটিক সোসাইটি

(৩২) প্রতিনিধি, বাংলা একাডেমী

(৩৩) প্রতিনিধি, এফবিসিসিআই

**সদস্য-সচিব**

(৩৪) যুগ্ম-সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, আগারগাঁও, ঢাকা।

**(খ) কমিটির কর্ম পরিধি ঃ**

(ক) জেলা গেজেটিয়ার প্রণয়ন সংক্রান্ত নীতি নির্ধারণ;

(খ) জেলা গেজেটিয়ার প্রণয়ন কমিটির সুপারিশ বিবেচনা;

(গ) খরচ/বাজেট/সম্মানী নির্ধারণ;

(ঘ) সম্পর্কযুক্ত অন্য যে কোন বিষয়।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**জাহাঙ্গীর হোসেন চৌধুরী**
উপ-সচিব।

**বাণিজ্য মন্ত্রণালয়**
**টিও-০১ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৩০ এপ্রিল ২০১৩

**নং বাম/টিও-১/জি-০৬/২০০১/১৯৪**—'গোদাগাড়ী উপজেলা ট্রাক মালিক গ্রুপ' নামীয় সংগঠনটি মন্ত্রণালয়ের টি. ও লাইসেন্স প্রাপ্ত একটি বাণিজ্য সংগঠন, যার লাইসেন্স নং ১০/২০০২, তারিখ ২৭-০৫-২০০২।

যেহেতু, 'গোদাগাড়ী উপজেলা ট্রাক মালিক গ্রুপ' এর অনুকূলে টি. ও লাইসেন্স প্রদানের পর সাংগঠনিক কার্যক্রম বিধি মোতাবেক পরিচালিত না হওয়ায় কেন লাইসেন্স বাতিল করা হবে না তৎমর্মে মন্ত্রণালয় হতে ১৯-০২-২০১৩ তারিখে রেজিঃ ডাকযোগে কারণ দর্শানোর নোটিশ জারী করা হলে সন্তোষজনক জবাব দাখিল করতে ব্যর্থ হয়;

যেহেতু, সংগঠনটির সদস্যদের টিআইএনযুক্ত কোন ভোটার তালিকা লাইসেন্স প্রদানের পর হতে মন্ত্রণালয়ে পাওয়া যায়নি, যা বাণিজ্য সংগঠন বিধিমালা, ১৯৯৪ এর ৬ বিধির পরিপন্থী ;

যেহেতু, সংগঠনটি ২০০৫ সাল হতে বিধি মোতাবেক নির্বাচন অনুষ্ঠানের তথ্যাদি, কার্যনির্বাহী কমিটির তালিকা, বার্ষিক সাধারণ সভার উপস্থিতির তালিকাসহ সভার রেজুলেশন মন্ত্রণালয়ে দাখিল করতে ব্যর্থ হয়, যা বাণিজ্য সংগঠন বিধিমালা, ১৯৯৪ এর ২৪ বিধির পরিপন্থী ;

যেহেতু, সংগঠনটি ২০০৫ সালের পর হতে বিধি মোতাবেক কার্যনির্বাহী কমিটির কোন নির্বাচন অনুষ্ঠানে ব্যর্থ হয়েছে, যা বাণিজ্য সংগঠন বিধিমালা, ১৯৯৪ এর ১৩, ১৪, ১৫ ও ১৬ বিধির পরিপন্থী;

যেহেতু, সংগঠনটির লাইসেন্স বাতিলের নিমিত্ত বিধি মোতাবেক আত্মপক্ষ সমর্থনের সুযোগ হিসেবে ০৭-৪-২০১৩ তারিখে রেজিঃ ডাকযোগে শুনানীতে তলব করা হলে উক্ত শুনানীতে সংগঠনের কোন কর্মকর্তা উপস্থিত হতে ব্যর্থ হয় এবং কোন আবেদন পাওয়া যায়নি;

যেহেতু, সংগঠনটি বাণিজ্য সংগঠন অধ্যাদেশ ১৯৬১, বাণিজ্য সংগঠন বিধিমালা ১৯৯৪ ও লাইসেন্সে প্রদত্ত শর্ত প্রতিপালন না করে আইন ও বিধির ব্যত্যয় ঘটিয়ে নিজের মনগড়াভাবে পরিচালিত হয়ে আসছে;

যেহেতু, সংগঠনটি লাইসেন্স প্রদানকালীন সময় হতে উহার সকল আদর্শ, উদ্দেশ্য ও লক্ষ্য অর্জনে সম্পূর্ণভাবে ব্যর্থ হয়েছে;

সেহেতু, গোদাগাড়ী উপজেলা ট্রাক মালিক গ্রুপ এর অনুকূলে মন্ত্রণালয় হতে প্রদানকৃত ২৭-০৫-২০০২ তারিখের ১০/২০০২ নং লাইসেন্সটি বাণিজ্য সংগঠন অধ্যাদেশ, ১৯৬১ এর ৪ ধারা এবং বাণিজ্য সংগঠন বিধিমালা, ১৯৯৪ এর ১১ বিধির প্রদত্ত ক্ষমতাবলে সরকার এতদ্বারা বাতিল করল।

**জাবেদ আহমেদ**
পরিচালক, বাণিজ্য সংগঠন ও
যুগ্ম-সচিব।

**বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়**
**জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ**
**প্রশাসন-৩ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৭ মে ২০১৩

নং **২৮.০১৩.০১১.০২.০০.০০৯.২০১০-১৪৬**—বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ (২০০৩ সালের ১৩ নং আইন) এর ৬(২) ও ৮(১) ধারা অনুযায়ী বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশনের সদস্য ড. সেলিম মাহমুদ-কে তাঁর পূর্ব নিয়োগের ধারাবাহিকতায় ০৯ মে ২০১৩ তারিখ থেকে ২য় দফায় ৩(তিন) বছর মেয়াদে বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন এর সদস্য হিসেবে নিম্নে উল্লিখিত শর্তে পুনঃ নিয়োগ প্রদান করা হলো।

২। **পুনঃ নিয়োগের শর্তাবলী নিম্নরূপ ঃ**

(ক) তাঁর চাকুরি কমিশনের সার্বক্ষণিক চাকুরি হিসেবে বিবেচিত হবে এবং কমিশনে নিযুক্ত থাকা অবস্থায় তিনি লাভজনক অন্য কোন চাকুরিতে নিয়োজিত হতে পারবেন না;

(খ) তিনি যে কোন সময় ১(এক) মাসের নোটিশ প্রদানপূর্বক রাষ্ট্রপতির উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে পদত্যাগ করতে পারবেন;

(গ) তাঁর অপসারণের ক্ষেত্রে বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ এর ১১ ধারা প্রযোজ্য হবে;

(ঘ) তিনি মাসিক বেতন হিসেবে নির্দিষ্ট ৪৯,০০০/- (উনপঞ্চাশ হাজার) টাকা ও বাড়ি ভাড়া বাবদ নির্দিষ্ট ২৬,৬০০/- (ছাব্বিশ হাজার ছয়শত) টাকা পাবেন। এছাড়া তাঁর ব্যবহারের জন্য একটি সার্বক্ষণিক মোটরযান এবং তার নিজের ও পরিবারের সদস্যদের জন্য দেশে প্রাপ্ত চিকিৎসা সুবিধা ভোগ করবেন;

(ঙ) নিয়োগ প্রাপ্তির পর তিনি নিজ নামে বা বেনামে জ্বালানী খাতভুক্ত কোন ব্যবসা করতে পারবেন না;

(চ) চাকুরি সংক্রান্ত অন্যান্য শর্ত বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩, বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন (সংশোধন) আইন, ২০০৫ এবং বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন (সংশোধন) আইন, ২০১০ ও পরবর্তীতে প্রণীতব্য বিধি দ্বারা নিয়ন্ত্রিত হবে।

৩। জনস্বার্থে এ আদেশ জারী করা হলো ।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সৈয়দা নওয়ারা জাহান**
উপ-সচিব।

---

**ভূমি মন্ত্রণালয়**
**অধিগ্রহণ শাখা-২**
**এল, এ কেস নং ২০/৭০-৭১**
**ঘ-ফরম**
**সম্পত্তি অধিগ্রহণের জন্য ৫(৭) ধারা মোতাবেক নোটিশ**

তারিখ, ৭ মে ২০১৩

নং **৩১.০০.০০০০.০৪৮.৩৪.৩২৩.১২-১২৫**—যেহেতু নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি/সম্পত্তিসমূহ ১৯৪৮ সনের সম্পত্তি (জরুরী) হুকুম দখল আইন (১৯৪৮ সালের ১৩ নং আইন) এর ৩ ধারা মোতাবেক ০৬-০৭-১৯৭৩ খ্রিঃ তারিখের আদেশ দ্বারা হুকুম দখল করা হইয়াছে; এবং

যেহেতু, উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ হুকুম দখলের আওতাধীন রহিয়াছে এবং যেহেতু উক্ত আইনের ৫ ধারার (৫) উপ-ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন;

সেহেতু, উক্ত আইনের ৫ ধারায় (৭) উপ-ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এতদ্দারা জানানো যাইতেছে যে, নিম্ন তফসিল বর্ণিত উক্ত হুকুম দখল সম্পত্তি/সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হইল।

**তফসিল**

জেলা বাগেরহাট, উপজেলা শরণখোলা, মৌজা রায়েন্দা, জে, এল নং ৯

| খতিয়ান নং | দাগ নং | আংশিক/ পূর্ণ | জমির পরিমাণ (একর) |
|---|---|---|---|
| ৬৬৬ | ২২৬ | আংশিক | ১.০৭ |
| ৪৪১, ৬৪০ | ২২৭ | ,, | ০.১২ |
| ৩৭৫, ১১২৬ | ২২৮ | ,, | ০.৫২ |
| ১৯৭ | ৪৮০ | ,, | ০.০৮ |
| ১৯৭ | ৪৮১ | ,, | ০.০৩৫০ |
| ৩৩১ | ৪৯৭ | ,, | ০.১৮ |
| ৮৯ | ৪৯৮ | ,, | ০.১৬ |
| ৬৪০ | ৪৯৯ | ,, | ০.২৩ |
| ৬৬৬ | ৫০০ | পূর্ণ | ০.১৩ |
| ৬৪০ | ৫০১ | আংশিক | ০.৩০ |
| ৬৪০ | ৫০২ | ঐ | ০.২৮ |
| ৬৬৬ | ৫০৩ | পূর্ণ | ০.১০ |
| ৬৬৬ | ৫০৪ | ঐ | ০.১৩ |
| ৪৩৬ | ৫০৫ | ঐ | ০.৬৬ |
| ৮৬ | ৫০৬ | ঐ | ০.২৪ |
| ৪৪১,৬৪০ | ৫০৭ | ঐ | ০.৫১ |
| ৬৬৬ | ৫০৮ | আংশিক | ০.১০ |
| ৮১, ৩৩১ | ৫০৯ | ঐ | ০.৩৫ |
| | | মোট = | ৫.১৯৫০ একর |

জমির নক্সা বাগেরহাট জেলা প্রশাসকের অফিসের ভূমি হুকুম দখেল শাখায় দেখা যাইতে পারে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**পারভীন আক্তার**
উপ-সচিব।

---

**এল, এ কেস নং ২৩/৭৮-৭৯**
**ঘ-ফরম**
**সম্পত্তি অধিগ্রহণের জন্য ৫(৭) ধারা মোতাবেক নোটিশ**

তারিখ, ৭ মে ২০১৩

নং **৩১.০০.০০০০.০৪৮.৩৪.৩২৮.১২-১২৬**—যেহেতু নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি/সম্পত্তিসমূহ ১৯৪৮ সনের সম্পত্তি (জরুরী) হুকুম দখল আইন (১৯৪৮ সালের ১৩ নং আইন) এর ৩ ধারা মোতাবেক ০৩-১১-১৯৭৯ তারিখের আদেশ দ্বারা হুকুম দখল করা হইয়াছে; এবং

যেহেতু উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ হুকুম দখলের আওতাধীন রহিয়াছে এবং যেহেতু উক্ত আইনের ৫ ধারার (৫) উপ-ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিচেনার পর সরকার উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন;

সেহেতু, উক্ত আইনের ৫ ধারার (৭) উপ-ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানানো যাইতেছে যে, নিম্ন তফসিল বর্ণিত উক্ত হুকুম দখল সম্পত্তি/সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হইলঃ

**তফসিল**

জেলা বাগেরহাট, উপজেলা বাগেরহাট, মৌজা সায়েড়া, জে, এল নং ১১৯।

| খতিয়ান নং | দাগ নং | আংশিক/ পূর্ণ | জমির পরিমাণ (একর) |
|---|---|---|---|
| ১, ২ | ৩৬৭ | আংশিক | ১.৫৬ |
| ৪৪৬ | ৪১৬ | ,, | ০.০৮ |
| ৪৪৭ | ৪৩৭ | ,, | ০.০৮ |
| ৪১৬ | ৪৯৪ | ,, | ০.২৪ |
| ৪১৬ | ৪৯৫ | ,, | ০.৪৪ |
| ৫১৫ | ৪৯৩/৫২৯ | ,, | ০.১৬ |
| | | মোট = | ২.৫৬ একর |

জমির নক্সা বাগেরহাট জেলা প্রশাসকের অফিসের ভূমি হুকুম দখল শাখায় দেখা যাইতে পারে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**পারভীন আক্তার**
উপ-সচিব।

---

**মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়**
**প্রাণিসম্পদ-২ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১ জ্যৈষ্ঠ ১৪২০/১৫ মে ২০১৩

নং **মপ্রাম/প্রাস-২/ফরমালিন/০২/২০১৩/১৬৩**—পোল্ট্রিতে আপাততঃ ব্যবহারের জন্য সীমিত পরিমাণ ফরমালিন আমদানির প্রয়োজন আছে কি না, আমদানির সঠিক পরিমান, ফরমালিন ব্যবহার সম্পূর্ণ নিষিদ্ধ করার উদ্দেশ্যে কি করণীয় এবং ফরমালিন ব্যবহার থেকে Exit Policy নির্ধারণের জন্য নিম্নবর্ণিত কর্মকর্তাদের সমন্বয়ে আদিষ্ট হয়ে একটি কমিটি গঠন করা হলো ঃ

**আহবায়ক**

(১) যুগ্ম-সচিব (প্রাণিসম্পদ), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

**সদস্যবৃন্দ**

(২) মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর

(৩) মহাপরিচালক, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট

(৪) সভাপতি, আহকাব

**সদস্য-সচিব**

(৫) উপ-সচিব (প্রাণিসম্পদ-২), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

২। **কমিটির TOR** :

(ক) পোল্ট্রিতে আপাততঃ ব্যবহারের জন্য সীমিত পরিমান ফরমালিন আমদানির প্রয়োজন আছে কি না;

(খ) ফরমালিন আমদানির সঠিক পরিমান নির্ধারণ;

(গ) ফরমালিন ব্যবহার সম্পূর্ণ নিষিদ্ধ করার উদ্দেশ্যে কি করণীয়;

(ঘ) ফরমালিন ব্যবহার থেকে Exit Policy নির্ধারণ।

৩। কমিটি আগামী ১৫ (পনর) দিনের মধ্যে প্রতিবেদন দাখিল করবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**জগদীশ চন্দ্র বিশ্বাস**
উপ-সচিব।

---

**মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়**
**উন্নয়ন শাখা-১**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৭ এপ্রিল ২০১৩

**নং ৩২.০১.০০০০.০৫৬.১৫.০০৪.০৫.(১).৯৬**—আদিষ্ট হয়ে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়াধীন মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত **"মহিলা শিশু ও কিশোরী হেফাজতীদের নিরাপদ আবাসন, গাজীপুর"**, শীর্ষক সমাপ্ত উন্নয়ন প্রকল্পের নিম্নোক্ত ১৪ (চৌদ্দ) টি পদ জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৮-০৮-২০১১ তারিখের ০৫.১৫৯.০১৫.৩২.০০.০৪০.২০১০-৩০০ নং সম্মতিপত্র, অর্থ বিভাগের ১২-০২-২০১২ তারিখের ০৭.১৫৪.০২৮.৩২.০১.০০৩. ২০১২.৬৬ নং সম্মতিপত্র, অর্থ মন্ত্রণালয়ের বাস্তবায়ন অনুবিভাগের বেতনস্কেল নির্ধারণ সংক্রান্ত ০৬-০৯-২০১২ তারিখের ০৭.০০. ০০০০.১৬২.৩২.০১৯.১২-২০৮ নং সম্মতিপত্র, মন্ত্রিপরিষদ বিভাগের ১৮-১১-২০১২ তারিখে অনুষ্ঠিত প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির সভার সিদ্ধান্ত এবং মন্ত্রিপরিষদ বিভাগের কমিটি বিষয়ক শাখার গত ০৩-০৫-২০০৩ তারিখের স্মারক নং মপবি/ কঃবিঃশাঃ/ কপগ-১১/২০০১/১১১তে প্রদত্ত ক্ষমতাবলে জিও জারির তারিখ হতে বছর বছর সংরক্ষণের ভিত্তিতে অস্থায়ীভাবে মহিলা বিষয়ক অধিদপ্তরের অনুকূলে রাজস্বখাতে সৃজনে সরকারি মঞ্জুরী জ্ঞাপন করছি ঃ

| ক্রঃ নং | পদের নাম ও সংখ্যা | নির্ধারণকৃত বেতনস্কেল' ২০০৯ | শর্ত/মন্তব্য |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| (১) | তত্ত্বাবধায়ক ০১ টি | টাঃ ১১০০০-২০৩৭০ (৯ নং স্কেল) | কর্মকর্তা ও কর্মচারী (মহিলা বিষয়ক পরিদপ্তর) নিয়োগ-বিধিমালা, ১৯৯০ অনুযায়ী পূরণ সাপেক্ষে। |
| (২) | মেডিকেল অফিসার ০১ টি | টাঃ ১১০০০-২০৩৭০ (৯ নং স্কেল | এমবিবিএস ডিগ্রী পাশ শর্তে |
| (৩) | ট্রেড ইন্সট্রাক্টর ০২ টি | টাঃ ৫৫০০-১২০৯৫ (১৩ নং স্কেল) | পদটি কর্মকর্তা ও কর্মচারী (মহিলা বিষয়ক পরিদপ্তর) নিয়োগ- বিধিমালা, ১৯৯০ অনুযায়ী পূরণ সাপেক্ষ। |

| ১ | ২ | ৩ | ৪ |
|---|---|---|---|
| (৪) | ষ্টোর কিপার ০১ টি | টাঃ ৫২০০-১১২৩৫ (১৪ নং স্কেল) | পদটি কর্মকর্তা ও কর্মচারী (মহিলা বিষয়ক পরিদপ্তর) নিয়োগ- বিধিমালা, ১৯৯০ অনুযায়ী পূরণ সাপেক্ষ। |
| (৫) | বাবুর্চী ০১ টি | - | আউট সোর্সিং এর মাধ্যমে নিয়োগের শর্ত থাকায় বেতন স্কেল নির্ধারণ করা গেল না। এক্ষেত্রে আউট সোর্সিং নীতিমালা অনুসরণযোগ্য। |
| (৬) | সহকারী বাবুর্চী ০১ টি | - | আউট সোর্সিং এর মাধ্যমে নিয়োগের শর্ত থাকায় বেতন স্কেল নির্ধারণ করা গেল না। এক্ষেত্রে আউট সোর্সিং নীতিমালা অনুসরণযোগ্য। |
| (৭) | এম, এল, এস এস ০১টি | - | আউট সোর্সিং এর মাধ্যমে নিয়োগের শর্ত থাকায় বেতন স্কেল নির্ধারণ করা গেল না। এক্ষেত্রে আউট সোর্সিং নীতিমালা অনুসরণযোগ্য। |
| (৮) | দারোয়ান ০৩ টি | - | আউট সোর্সিং এর মাধ্যমে নিয়োগের শর্ত থাকায় বেতন স্কেল নির্ধারণ করা গেল না। এক্ষেত্রে আউট সোর্সিং নীতিমালা অনুসরণযোগ্য। |
| (৯) | সুইপার ০২ টি | - | আউট সোর্সিং এর মাধ্যমে নিয়োগের শর্ত থাকায় বেতন স্কেল নির্ধারণ করা গেল না। এক্ষেত্রে আউট সোর্সিং নীতিমালা অনুসরণযোগ্য। |
| (১০) | মালি ০১ টি | - | আউট সোর্সিং এর মাধ্যমে নিয়োগের শর্ত থাকায় বেতন স্কেল নির্ধারণ করা গেল না। এক্ষেত্রে আউট সোর্সিং নীতিমালা অনুসরণযোগ্য। |

**শর্তাবলী ঃ**

(ক) উপরে বর্ণিত ১৪ ( চৌদ্দ) টি পদ বছর বছর সংরক্ষণের ভিত্তিতে পদ সৃজনের তারিখ হতে ধারাবাহিকভাবে রাজস্ব খাতে সৃজন করা হ'ল যা মহিলা বিষয়ক অধিদপ্তরের সাংগঠনিক কাঠামোতে অন্তর্ভুক্ত করা হ'ল। যে সব পদ নিয়োগবিধিতে নেই সে সব পদ নিয়োগবিধিতে অন্তর্ভুক্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

(খ) অনুমোদিত নিয়োগবিধি বহির্ভূত পদসমূহের ক্ষেত্রে ছকের ৪ নং কলামের শর্তানুযায়ী অনুমোদিত নিয়োগবিধি প্রণয়ন করতে হবে।

(গ) সুপারিশকৃত পদসমূহ রাজস্বখাতে সৃজনের ক্ষেত্রে অর্থ ও জনপ্রশাসন মন্ত্রণালয় আরোপিত সকল শর্তাবলী যথাযথভাবে অনুসরণ করা হয়েছে।

(ঘ) পদসমূহ রাজস্বখাতে সৃজনের ক্ষেত্রে সকল আনুষ্ঠানিকতা যথাযথভাবে পালন করা হয়েছে।

(ঙ) এ বিষয়ে প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির অনুমোদন গ্রহণ করা হয়েছে।

(চ) জাতীয় বেতন স্কেল' ২০০৯ এর আওতায় পদসমূহ সৃজন করা হ'ল। বেতনস্কেল নির্ধারণের ক্ষেত্রে অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগ বাস্তবায়ন শাখা-২ এর ৬-০৯-২০১২ তারিখের স্মারক নং ০৭.০০. ০০০০. ১৬২.৩২.০১৯.১২-২০৮ এ প্রদত্ত শর্ত মোতাবেক প্রদর্শন করা হ'ল।

(ছ) মন্ত্রিপরিষদ বিভাগ হতে জারীকৃত ০৩-০৫-২০০৩ ইং তারিখের মপবি/পঃবিঃশাঃ/কপগ-১১/২০১১-১১১ নং প্রজ্ঞাপন অনুসরণ পূর্বক এ আদেশ জারী করা হলো এবং পদ সংরক্ষণের ক্ষেত্রে উক্ত আদেশ অনুসরণ করা হবে।

(জ) সৃজনকৃত ৪র্থ শ্রেণীর পদ যেমন বাবুর্চি, সহকারী বাবুচি, এম.এল.এস.এস, দারোয়ান, সুইপার, মালি আউটসোর্সিং এর মাধ্যমে পূরণ করতে হবে।

(ঝ) এ আদেশ জারীর পূর্বে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনসহ যাবতীয় আনুষ্ঠানিকতা পালন করা হয়েছে।

**কোহিনূর নাহার**
সহকারী সচিব।

**[ একই নম্বর ও তারিখের স্থলাভিষিক্ত ]**

**শাখা-সেল**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৪ মার্চ ২০১৩

**নং ৩২.০০.০০০০.০৩৮.০৬.০৬১.১০.১৫৩**—জাতীয় মহিলা সংস্থার আইন, ১৯৯১ (১৯৯১ সনের ৯নং আইন) এর ১১(১) ধারা মোতাবেক উপজেলা নির্বাহী অফিসার, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা এর সুপারিশের ভিত্তিতে নিম্নলিখিত ব্যক্তিগণকে জাতীয় মহিলা সংস্থার গোবিন্দগঞ্জ উপজেলা কমিটির সদস্য হিসেবে মনোনীত করা হলো ঃ

| ক্রমিক নং | উপ-ধারা | ক্যাটাগরী | নাম ও ঠিকানা | পদবী |
|---|---|---|---|---|
| (১) | ১১(১)(গ) | শিক্ষিকা | জনাব রীতারাণী রায়, স্বামী ঃ জনাব স্বপন কুমার রায়, প্রগতি পাড়া, বুজরুক বোয়ালিয়া, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা। | সদস্য |
| (২) | ১১(১)(ঘ) | সমাজসেবী | জনাব শাহানা আকতার, স্বামী ঃ মোহাম্মদ হোসেন, ঝিলপাড়া, বুজরুক বোয়ালিয়া, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা। | চেয়ারম্যান |
| (৩) | ১১(১)(চ) | বিশিষ্ট মহিলা | জনাব গোলাপী বেগম, স্বামী ঃ মৃত বেলাল হোসেন, প্রধানপাড়া, বুজরুক বোয়ালিয়া, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা। | সদস্য |
| (৪) | ১১(১)(চ) | বিশিষ্ট মহিলা | জনাব গোলাপী বেগম, স্বামী ঃ মোঃ সেকেন্দার আলী, ঝিলপাড়া, বুজরুক বোয়ালিয়া, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা। | সদস্য |
| (৫) | ১১(১)(চ) | বিশিষ্ট মহিলা | জনাব মারুফা বেগম, স্বামী ঃ মোজাম্মেল হোসেন, চকগোবিন্দ, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা। | সদস্য |

২। উপরে উল্লিখিত কমিটির সদস্যগণের মধ্য হতে ২নং ক্রমিকের মোসাঃ জনাব শাহানা আকতার উক্ত কমিটির চেয়াম্যান হিসেবে দায়িত্ব পালন করবেন।

৩। কমিটির মনোনীত চেয়ারম্যান ও উপরে বর্ণিত সদস্যগণ ৩০-০৫-২০১২ তারিখ হতে দুই বৎসর মেয়াদে স্বীয় পদে বহাল থাকবেন। তবে শর্ত থাকে যে, সরকার উক্ত মেয়াদ শেষ হবার পূর্বে কোন কারণ না দর্শিয়ে তাদেরকে পদ হতে অপসারণ করতে পারবে এবং তারাও সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে যে কোন সময় স্বীয় পদ ত্যাগ করতে পারবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**নুর্সিয়া কমল**
সিনিয়র সহকারী সচিব।

---

**যোগাযোগ মন্ত্রণালয়**
**সড়ক বিভাগ**
**শৃঙ্খলা অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৬ মে ২০১৩/ ২৩ বৈশাখ ১৪২০

**নং ৩৫.০০.০০০০.০২৮.২৭.০০৫.১২-১৪৪**—জনাব মোঃ জাভেদ বারী, সহকারী প্রকৌশলী (সিভিল) (পরিচিতি নম্বর ০০৫৪৪০), সড়ক ও জনপথ অধিদপ্তরকে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২০-১২-১৯৯৮ তারিখের সম/ননি/১-৮/৯৮-২১১ সংখ্যক প্রজ্ঞাপন মূলে ১৮তম বিসিএস (সড়ক ও জনপথ) ক্যাডারে নিয়োগ দেয়া হয়। সে প্রেক্ষিতে তিনি সড়ক ও জনপথ অধিদপ্তরে সহকারী প্রকৌশলী (সিভিল) হিসেবে গত ২৫-০১-১৯৯৯ তারিখে যোগদান করেন।

যেহেতু, জনাব মোঃ জাভেদ বারী, সহকারী প্রকৌশলী (সিভিল) (পরিচিতি নম্বর ০০৫৪৪০)-এর চাকুরী স্থায়ী না হতেই তাঁর আবেদনের প্রেক্ষিতে যোগাযোগ মন্ত্রণালয় হতে বিগত ০৮-১২-১৯৯৯ তারিখের আরএইচই/৮পি-১৪/৯৯-৪৪১ নম্বর স্মারকমূলে যুক্তরাষ্ট্রস্থ অ্যারিজোনা স্টেট ইউনিভার্সিটিতে ট্রান্সপোর্টেশন ইঞ্জিনিয়ারিং বিষয়ে এম.এস অধ্যয়নের জন্য ২৬-১২-১৯৯৯ হতে ২৫-১২-২০০১ তারিখ পর্যন্ত ২(দুই) বছরের জন্য শিক্ষা ছুটি মঞ্জুর করা হয়। পরবর্তীতে পুনরায় ০৬-০১-২০০২ তারিখ আরএইচই/৮পি-১৪/৯৯-৩ সংখ্যক স্মারকমূলে একই বিশ্ববিদ্যালয়ে পি.এইচ ডি. অধ্যয়নের জন্য ২৬-১২-২০০১ হতে ২৫-১২-২০০৪ তারিখ পর্যন্ত আরো ৩(তিন) বছরের জন্য বিনা বেতনে অধ্যয়ন ছুটি মঞ্জুর করা হয়;

যেহেতু, জনাব মোঃ জাভেদ বারী মঞ্জুরীকৃত অধ্যয়ন ছুটি ২৫-১২-২০০৪ তারিখ শেষ হলেও দেশে প্রত্যাবর্তন না করে গত ২৬-১২-২০০৪ তারিখ হতে চাকুরিতে অননুমোদিতভাবে অনুপস্থিত রয়েছেন;

যেহেতু, জনাব মোঃ জাভেদ বারী, সহকারী প্রকৌশলী (সিভিল) (পরিচিতি নম্বর ০০৫৪৪০) জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২০-১২-১৯৯৮ তারিখের সম/ননি/১-৮/৯৮-২১১ সংখ্যক প্রজ্ঞাপনের অনুচ্ছেদ-ঘ এর শর্ত অনুযায়ী ২(দুই) বৎসর শিক্ষানবিস হিসেবে চাকুরী করেননি এবং একই প্রজ্ঞপনের একই অনুচ্ছেদের শর্ত অনুযায়ী সরকারি কর্মকমিশনের পরামর্শ ব্যতিরেকে তাঁকে চাকুরী হতে অপসারণ করা যাইবে;

যেহেতু, জনাব মোঃ জাভেদ বারী কে চাকুরী হতে অপসারণ (removal from service) এর বিষয়ে মহামান্য রাষ্ট্রপতির সম্মতি চাওয়া হয় এবং মহামান্য রাষ্ট্রপতি এতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন;

সেহেতু, জনাব মোঃ জাভেদ বারী, সহকারী প্রকৌশলী (সিভিল) (পরিচিতি নম্বর ০০৫৪৪০), সড়ক ও জনপথ অধিদপ্তর, ঢাকা কে তাঁর অননুমোদিত অনুপস্থিতির তারিখ ২৬-১২-২০০৪ থেকে চাকুরি হতে অপসারন (removal from service) করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এম, এ, এন, ছিদ্দিক**
সচিব।

---

**সওজ গেজেটেড সংস্থাপন শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ১৫ মে ২০১৩

**নং ৩৫.০২২.০২৭.০০.০০.০৭৫.২০১২-৩৩১**—জনাব মোঃ শাহনোয়াজ (পরিচিতি নম্বর ০০০২৩৯), তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চঃদাঃ), সওজ, সড়ক সার্কেল, খাগড়াছড়ি-কে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ১১(১) বিধি মোতাবেক চাকুরী হতে সাময়িকভাবে বরখাস্ত করা হল।

২। সাময়িক বরখাস্তকালীন সময়ে জনাব মোঃ শাহনোয়াজ সড়ক ও জনপথ অধিদপ্তর-এর প্রধান কার্যালয়ে সংযুক্ত থাকবেন এবং প্রচলিত বিধি মোতাবেক খোরাকী ভাতা প্রাপ্য হবেন।

৩। এ আদেশ জনস্বার্থে জারী করা হল এবং ইহা অবিলম্বে কার্যকর হবে।

**নং ৩৫.০২২.০২৭.০০.০০.০৭৫.২০১২-৩৩২**—জনাব জি, এম, শরীফুল রনী (পরিচিতি নম্বর ৬০২১৫১), উপ-বিভাগীয় প্রকৌশলী, সওজ, সড়ক উপ-বিভাগ, চকোরিয়া, কক্সবাজার-কে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ১১(১) বিধি মোতাবেক চাকুরী হতে সাময়িকভাবে বরখাস্ত করা হল।

২। সাময়িক বরখাস্তকালীন সময়ে জনাব জি, এম, শরীফুল রনী সড়ক ও জনপথ অধিদপ্তর-এর প্রধান কার্যালয়ে সংযুক্ত থাকবেন এবং প্রচলিত বিধি মোতাবেক খোরাকী ভাতা প্রাপ্য হবেন।

৩। এ আদেশ জনস্বার্থে জারী করা হল এবং ইহা অবিলম্বে কার্যকর হবে।

**নং ৩৫.০২২.০২৭.০০.০০.০৭৫.২০১২-৩৩৩**—জনাব বিমল চন্দ্র মিস্ত্রি, উপ-বিভাগীয় প্রকৌশলী, সওজ, সড়ক উপ-বিভাগ, ভোলা-কে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ১১(১) বিধি মোতাবেক চাকুরী হতে সাময়িকভাবে বরখাস্ত করা হল।

২। সাময়িক বরখাস্তকালীন সময়ে জনাব বিমল চন্দ্র মিস্ত্রি সড়ক ও জনপথ অধিদপ্তর-এর প্রধান কার্যালয়ে সংযুক্ত থাকবেন এবং প্রচলিত বিধি মোতাবেক খোরাকী ভাতা প্রাপ্য হবেন।

৩। এ আদেশ জনস্বার্থে জারী করা হল এবং ইহা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এম, এ, এন, ছিদ্দিক**
সচিব।

**রেলপথ মন্ত্রণালয়**

**প্রশাসন-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৭ মে ২০১৩/২৪ বৈশাখ ১৪২০

**নং ৫৪.০০.০০০০.০০৭.২৭.১৭৬.১১-২৯২**—যেহেতু, জনাব মোহাম্মদ মাহবুবুর রহমান মোল্লা, উপ-পরিচালক/সিগন্যাল (চঃ দাঃ), বাংলাদেশ রেলওয়ে ০৮-০১-২০১১ তারিখ হতে বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকার প্রেক্ষিতে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩ (বি) এবং ৩(সি) নং বিধি মোতাবেক 'অসদাচারণ' এবং 'ডিজারশন' এর অভিযোগে তার বিরুদ্ধে ২০-০৬-২০১১ তারিখের ৩৫.০২৮.০২৭.০০.০০.০২২ .২০১১-১৩৪ নং স্মারক মূলে বিভাগীয় মামলা চালু করা হয়; এবং

যেহেতু, মন্ত্রণালয়ের ২০-০৬-২০১১ তারিখের ৩৫.০২৮ .০২৭. ০০.০০.০২২.২০১১-১৩৪ স্মারকমূলে তার নিকট অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করা হয়; এবং

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা জানিয়েছিলেন যে চিকিৎসকের পরামর্শ মোতাবেক বিশ্রাম গ্রহণের নিমিত্ত স্থায়ী ঠিকানায় অবস্থান করছেন, কিন্তু স্থায়ী ঠিকানায় তার অবস্থান সম্পর্কে প্রতিবেদন প্রদানের জন্য উপজেলা নির্বাহী অফিসার, রৌমারীকে অনুরোধ করা হলে তিনি জানান যে, অভিযুক্ত কর্মকর্তা বা তার পরিবার স্থায়ী ঠিকানায় বসবাস করেন না বরং বিদেশে অধ্যয়নরত আছেন মর্মে এলাকায় জনশ্রুতি রয়েছে; এবং

যেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালার ১১(১) বিধি মোতাবেক তাকে গত ১১-৪-২০১২ তারিখে চাকুরী হতে সাময়িকভাবে বরখাস্ত করা হল; এবং

যেহেতু, তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তের জন্য রেলপথ মন্ত্রণালয়ের উপ-সচিব (ভূমি) জনাব এ. এন. এম. সফিকুল ইসলামকে গত ১১-৪-২০১২ তারিখে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয় এবং তদন্ত কর্মকর্তা তার বিরুদ্ধে কর্তৃপক্ষের বিনা অনুমতিতে ৮-১-২০১১ তারিখ হতে কর্মস্থলে অনুপস্থিত থাকার অভিযোগটি সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে মর্মে তদন্ত প্রতিবেদন দাখিল করেন; এবং

যেহেতু, তাকে তদন্ত প্রতিবেদনের সুপারিশের প্রেক্ষিতে কেন অনতিবিলম্বে চাকুরী হতে বরখাস্ত করা হবে না, তা মন্ত্রণালয়ের ২৮-৬-২০১২ তারিখের ৫৪.০০.০০০০.০০৭.২৭.১৭৬.১১.১৭১১ নং স্মারক অনুযায়ী সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৭(৬) বিধি মোতাবেক পত্র প্রাপ্তির ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে তার কারণ দর্শানোর জন্য ২৮-৬-২০১২ তারিখে অনুরোধ জানানো হলে নোটিশটি "প্রাপক বাংলাদেশের বাহিরে থাকায় ফেরত" মর্মে মন্তব্যসহ ডাক বিভাগ হতে ফেরত আসে; এবং

যেহেতু, ২য় কারণ দর্শানোর নোটিশটি গত ১০-০৭-২০১২ তারিখের দৈনিক যুগান্তর পত্রিকাতে প্রকাশ করা হয় ২য় কারণ দর্শানোর নোটিশটি পত্রিকায় প্রকাশিত হওয়ার পরও তিনি কোন জবাব প্রদান করেননি; এবং

যেহেতু, প্রস্তাবিত গুরুদণ্ড আরোপের সিদ্ধান্ত গৃহীত হলে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৭(৭) বিধি অনুযায়ী এবং The Bangladesh Public Service

Commission (Consultation) Regullations ১৯৭৯ এর ৬ নং Regullation মোতাবেক ০৪-০৯-২০১২ তারিখে বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়ের মতামত প্রদানের জন্য অনুরোধ জানানো হলে কর্ম কমিশন ১৪-০২-২০১৩ তারিখের ৮০.১০১. ০৩৪.০০.০০.০৩১.২০১২.৮৩ নং স্মারকে জনাব মোহাম্মদ মাহবুবুর রহমান মোল্লাকে চাকুরী হতে বরখাস্তকরণের প্রস্তাবে সম্মতি জ্ঞাপন করে; এবং

যেহেতু, বিভাগীয় মামলার তদন্ত প্রতিবেদন ও তার সাথে সংশ্লিষ্ট কাগজপত্রাদি পর্যালোচনা এবং বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের সম্মতির প্রেক্ষিতে অভিযুক্ত কর্মকর্তা জনাব মোহাম্মদ মাহবুবুর রহমান মোল্লাকে অনুপস্থিতির তারিখ অর্থাৎ ০৮-০১-২০১১ তারিখ থেকে চাকুরী হতে বরখাস্ত (Dismissal from service) করার সিদ্ধান্ত গৃহীত হয়;

যেহেতু, উক্ত বরখাস্তকরণের প্রস্তাবে মহামান্য রাষ্ট্রপতি সানুগ্রহ অনুমোদন প্রদান করেছেন;

সেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) এবং ৩(সি) নং বিধি মোতাবেক 'অসদাচরণ' এবং 'ডিজারশন' এর অভিযোগে দোষী সাব্যস্ত হওয়ায় উক্ত বিধিমালার ৪(৩) (ডি) বিধি অনুযায়ী জনাব মোহাম্মদ মাহবুবুর রহমান মোল্লা, উপ-পরিচালক/সিগন্যাল (চঃ দাঃ), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকাকে চাকুরী হতে বরখাস্ত (Dismissal from service) করা হলো।

এ আদেশ তার অননুমোদিত অনুপস্থিতির তারিখ অর্থাৎ ৮-০১-২০১১ তারিখ হতে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আবুল কালাম আজাদ**
ভারপ্রাপ্ত সচিব।

---

**শিক্ষা মন্ত্রণালয়**
**শাখা ঃ ২২ (উন্নয়ন-৩)**

**অফিস আদেশ**

তারিখ, ১২ বৈশাখ ১৪২০/২৫ এপ্রিল ২০১৩

**নং শিম/শাঃ-২২/৩-৫ বিভাগীয় মামলা-৪/২০১২/৩৩২**—শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের ময়মনসিংহ জোনের সহকারী প্রকৌশলী জনাব মোঃ রায়হান বাদশা এর বিরুদ্ধে ময়মনসিংহ জোনের অন্তর্গত ধোবাউড়া উপজেলাধীন ধোবাউড়া বিন্দুবাসিনী বালিকা উচ্চ বিদ্যালয় এবং তাড়াইকান্দি উচ্চ বিদ্যালয়ে আসবাবপত্র সরবরাহ না করে বিল উত্তোলনের বিষয়ে সহকারী প্রকৌশলী জনাব মোঃ রায়হান বাদশার-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫-এর ৩(বি) অনুসারে আনিত অভিযোগের উপর বিভাগীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত অভিযোগ নামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করা হয়। বর্ণিত অভিযোগের প্রেক্ষিতে জনাব রায়হান বাদশা লিখিত জবাব প্রদান করেন এবং আত্মপক্ষ সমর্থনের নিমিত্ত ব্যক্তিগত শুনানী গ্রহণের জন্য অনুমতি প্রার্থনা করেন। উক্ত অভিযোগ বিবরণীর জবাবের প্রেক্ষিতে গত ১৩-৫-২০১২ তারিখ তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়।

২। এমতাবস্থায়, শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের সহকারী প্রকৌশলী জনাব মোঃ রায়হান বাদশা-এর ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত মৌখিক জবানবন্দি, আলোচ্য অভিযোগের বিষয়ে লিখিত জবাব এবং রেকর্ডপত্র পর্যালোচনায় তাঁকে সরকারি কাজের গাফিলতি ও অবহেলার জন্য সরকারি কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪ এর উপবিধি ২(ক) অনুসারে 'তিরস্কার' দণ্ড প্রদান করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. কামাল আবদুল নাসের চৌধুরী**
সচিব।

---

**পরিকল্পনা শাখা-৩**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৩ এপ্রিল ২০১৩

**নং শিক্ষা-পরিশা-২/উপজেলা মডেল স্কুল/২০০৪/৩২/(অংশ-২)/৭৭**—দেশের সকল এলাকায় মানসম্পন্ন শিক্ষা নিশ্চিতকরণের লক্ষ্যে শিক্ষা মন্ত্রণালয়ের ৩০ জানুয়ারি ২০০৮ তারিখের শিম/শাঃ১০/বেমজা-৫-১/৯৬/৯৮ নং এবং ০৫ জানুয়ারি ২০০৯ তারিখের শিমপ/সিঃসঃপ্রঃ-৩/উপজেলা মডেল বিদ্যালয়/১৮২/২০০৮(অংশ-১)/১১ নং প্রজ্ঞাপনে সরকারি মাধ্যমিক বিদ্যালয়বিহীন ৩০৬ টি উপজেলায় একটি করে মাধ্যমিক বিদ্যালয়কে মডেল মাধ্যমিক বিদ্যালয় হিসেবে ঘোষণা করা হইয়াছে। এক্ষুণে দেশে আরো নতুন উপজেলা ঘোষণা হওয়ার প্রেক্ষিতে ০৪ টি উপজেলায় তাদের নামের পার্শ্বে বর্ণিত মাধ্যমিক বিদ্যালয়কে মডেল বিদ্যালয় হিসেবে ঘোষণা করা হল ঃ

| ক্রঃ নং | উপজেলার নাম | নির্বাচিত শিক্ষা প্রতিষ্ঠানের নাম |
|---|---|---|
| (১) | বাঘা, রাজশাহী | বাঘা উচ্চ বিদ্যালয় |
| (২) | কালুখালী, রাজবাড়ী | রতনদিয়া রজনীকান্ত উচ্চ বিদ্যালয় |
| (৩) | সালথা, ফরিদপুর | সালথা মাধ্যমিক বিদ্যালয় |
| (৪) | বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া | চম্পকনগর স্কুল এণ্ড কলেজ |

২। বর্ণিত মাধ্যমিক বিদ্যালয়সমূহে প্রয়োজনীয় অবকাঠামো, আসবাবপত্র, লাইব্রেরী, কম্পিউটার, ল্যাবরেটরী স্থাপন ও বৈজ্ঞানিক যন্ত্রপাতি সরবরাহ করা হবে এবং শিক্ষক প্রশিক্ষণ, নিবিড় শিক্ষাক্রম তত্ত্বাবধানসহ গুনগত মানোন্নয়নের লক্ষ্যে বিভিন্ন কার্যক্রম গ্রহণ করা হবে।

৩। উপরোক্ত তালিকায় নির্বাচিত মডেল মাধ্যমিক বিদ্যালয়গুলোর মধ্যে অনুমোদিত মানদণ্ডের পরিপন্থী বিদ্যালয় অসত্য তথ্যের ভিত্তিতে অন্তর্ভুক্ত হয়ে থাকলে এবং বিষয়টি পরবর্তীতে চিহ্নিত হলে মন্ত্রণালয় পরিদর্শন/যাচাইপূর্বক তা পরিবর্তন করতে পারবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ মেহেদী হাসান**
সিনিয়র সহকারী প্রধান।

**সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়**
**অধিশাখা-৪**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৪ বৈশাখ ১৪২০/১৭ এপ্রিল ২০১৩

**নং ৪৩.০০.০০০০.১১৫.৩২.২০১২-১৬৬**—জাতীয় কবি কাজী নজরুল ইসলামের সংগীতের প্রণীত ও প্রকাশিতব্য স্বরলিপি প্রমাণীকরণ এবং শুদ্ধতা যাচাইয়ের জন্য সরকার নিম্নবর্ণিত বিশেষজ্ঞ সমন্বয়ে 'নজরুল সংগীত স্বরলিপি প্রমাণীকরণ পরিষদ' পুনর্গঠন করল ঃ

**সভাপতি**

(১) জনাব সুধীন দাশ

**সদস্যবৃন্দ**

(২) বেগম ফেরদৌসী রহমান

(৩) জনাব এস. এম. আহসান মুর্শেদ

(৪) জনাব খালিদ হোসেন

(৫) বেগম সেলিনা হোসেন

**সদস্য-সচিব**

(৬) নির্বাহী পরিচালক, নজরুল ইন্সটিটিউট

২। পুনরাদেশ না দেয়া পর্যন্ত এ পরিষদের মেয়াদকাল বহাল থাকবে।

**মোঃ মোশাররফ হোসেন**
উপসচিব।

---

**শাখা-৬**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৭ বৈশাখ ১৪২০/৩০ এপ্রিল ২০১৩

**নং ৪৩.০০.০০০০.১১৪.০০৬.২৩.১৩-১০৬০**—বাংলাদেশ জাতীয় জাদুঘর অধ্যাদেশ ১৯৮৩ এর ৬নং ধারায় প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নবর্ণিত সদস্যগণের সমন্বয়ে বাংলাদেশ জাতীয় জাদুঘর বোর্ড অব ট্রাস্টিজ পুনর্গঠন করল ঃ

| | | |
|---|---|---|
| (১) | জনাব এম, আজিজুর রহমান, প্রাক্তন প্রধান তথ্য কমিশনার, শান্তবন, ৩৫৮, দক্ষিণ পাইকপাড়া, মিরপুর, ঢাকা। | ১৯৮৩ সালের বাংলাদেশ জাতীয় জাদুঘর অধ্যাদেশ এর ৬(এ) ধারানুসারে সদস্য এবং বোর্ড অব ট্রাস্টিজ এর সভাপতি। |
| (২) | সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা অথবা তাঁর মনোনীত একই মন্ত্রণালয়ের উপ সচিব এর নীচে নন এমন একজন কর্মকর্তা। | ১৯৮৩ সালের বাংলাদেশ জাতীয় জাদুঘর (১৯৮৮ সালে সংশোধিত)-এর ২(ক)(বি) ধারানুসারে পদাধিকার বলে সদস্য। |
| (৩) | সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা অথবা, তাঁর মনোনীত একই মন্ত্রণালয়ের উপ-সচিব এর নীচে নন এমন একজন কর্মকর্তা। | ১৯৮৩ সালের বাংলাদেশ জাতীয় জাদুঘর (১৯৮৮ সালে সংশোধিত)-এর ২(ক)(বিবি) ধারানুসারে পদাধিকার বলে সদস্য। |
| (৪) | প্রফেসর সৈয়দ মনজুরুল ইসলাম, ইংরেজী বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা। | ১৯৮৩ সালের বাংলাদেশ জাতীয় জাদুঘর অধ্যাদেশ এর ৬(সি) ধারানুসারে মানবিকবিভাগের প্রতিনিধি হিসাবে সদস্য। |
| (৫) | প্রফেসর ড. সুলতানা শফি, পদার্থ বিদ্যা বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা। | ১৯৮৩ সালের বাংলাদেশ জাতীয় জাদুঘর অধ্যাদেশ এর ৬(সি) ধারানুসারে বিজ্ঞান বিভাগের প্রতিনিধি হিসাবে সদস্য। |
| (৬) | মহাপরিচালক বাংলাদেশ জাতীয় জাদুঘর, ঢাকা। | ১৯৮৩ সালের বাংলাদেশ জাতীয় জাদুঘর অধ্যাদেশ এর ৬(ডি) ধারানুসারে পদাধিকার বলে সদস্য ও বোর্ড অব ট্রাস্টিজ এর সচিব। |
| (৭) | পরিচালক আর্কাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা। | ১৯৮৩ সালের বাংলাদেশ জাতীয় জাদুঘর (১৯৮৮ সালে সংশোধিত)-এর ২(গ)(ই) ধারানুসারে পদাধিকার বলে সদস্য। |
| (৮) | মহাপরিচালক প্রত্নতত্ত্ব অধিদপ্তর, ঢাকা। | ১৯৮৩ সালের বাংলাদেশ জাতীয় জাদুঘর অধ্যাদেশ-এর ৬(এফ) ধারানুসারে পদাধিকার বলে সদস্য। |
| (৯) | ডীন, চারুকলা অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা। | ১৯৮৩ সালের বাংলাদেশ জাতীয় জাদুঘর অধ্যাদেশ -এর ৬(জি) ধারানুসারে পদাধিকার বলে সদস্য। |
| (১০) | প্রতিনিধি এশিয়াটিক সোসাইটি অব বাংলাদেশ ঢাকা। | ১৯৮৩ সালের বাংলাদেশ জাতীয় জাদুঘর (১৯৮৮ সালে সংশোধিত)-এর ১(গ)(জিজি) ধারানুসারে এশিয়াটিক সোসাইটি অব বাংলাদেশ এর প্রতিনিধি হিসেবে সদস্য। |
| (১১) | স্থপতি রবিউল হোসাইন বাসা-৯ডি/৫, সড়ক নং-৪, ধানমন্ডি, ঢাকা। | ১৯৮৩ সালের বাংলাদেশ জাতীয় জাদুঘর অধ্যাদেশ এর ৬(এইচ) ধারানুসারে সদস্য। |
| (১২) | অধ্যাপক আলমগীর মোঃ সিরাজ উদ্দিন প্রাক্তন উপাচার্য, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম। | ১৯৮৩ সালের বাংলাদেশ জাতীয় জাদুঘর অধ্যাদেশ এর ৬(এইচ) ধারানুসারে সদস্য। |
| (১৩) | ড. সোনিয়া নিশাত আমিন প্রফেসর, ইতিহাস বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা। | ১৯৮৩ সালের বাংলাদেশ জাতীয় জাদুঘর অধ্যাদেশ এর ৬(এইচ) ধারানুসারে সদস্য। |

| | | |
|---|---|---|
| (১৪) | জনাব এজাজুর রহমান<br>উপহারদাতা, শেফা-উল মূলক হাকিম হাবিব-উর রহমান ফাউণ্ডেশন, ১৮/১ ময়মনসিংহ রোড, বাংলা মটর ঢাকা। | ১৯৮৩ সালের বাংলাদেশ জাতীয় জাদুঘর অধ্যাদেশ এর ৬(এইচ) ধারানুসারে উপহারদাতা পরিবারের সদস্য হিসেবে বোর্ড অব ট্রাস্টিজের সদস্য। |
| (১৫) | শিল্পী হাশেম খান<br>বাড়ি নং ৩, সড়ক নং ৩১, সেক্টর-৭, উত্তরা, ঢাকা। | ১৯৮৩ সালের বাংলাদেশ জাতীয় জাদুঘর অধ্যাদেশ এর ৬(এইচ) ধারানুসারে সদস্য। |

২। এ আদেশ ০৫ মে ২০১৩ তারিখ হতে কার্যকর হবে এবং এর মেয়াদ হবে ঐ তারিখ হতে পরবর্তী ০৩ (তিন) বছর।

৩। এ আদেশ জনস্বার্থে জারি করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ দাউদুল ইসলাম**
সিনিয়র সহকারী সচিব।

---

**শিল্প মন্ত্রণালয়**
**প্রশাসন (সংস্থাপন) অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৬ মে ২০১৩

**নং ৩৬.০৪৬.০২৮.০৬.০০.০০২.২০১১-৩৫৫**—প্রধানমন্ত্রীর কার্যালয়ের অফিস আদেশ নং ৫১.১১০.২.০.১.৯২.৩০২(৫০০), তারিখ ১৫-১০-৯২ মোতাবেক মাননীয় শিল্প মন্ত্রীর সদয় সম্মতিক্রমে শিল্প মন্ত্রণালয়ের বিদ্যমান টিওএণ্ডই-তে ৪৩টি প্রিন্টার সংযোজন করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আবদুছ ছবুর চৌধুরী**
উপ-সচিব।

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৭ এপ্রিল ২০১৩

**নং ৩৬.০০.০০০০.০৫২.২৩.০০১.১১.১৩১**—ন্যাশনাল প্রেডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) এর Productivity & Quality Exceillence Award এর Standard Criteria নির্ধারণের লক্ষ্যে নিম্ন বর্ণিত সদস্যদের সমন্বয়ে কমিটি গঠন করা হলো ঃ

**সভাপতি**

(১) অতিরিক্ত সচিব (প্রশাসন), শিল্প মন্ত্রণালয়

**সদস্যবৃন্দ**

(২) এফবিসিসিআই এর ০১ জন প্রতিনিধি (পরিচালক পদমর্যদাসম্পন্ন)

(৩) ডি সি সি আই এর ০১ জন প্রতিনিধি (পরিচালক পদমর্যদাসম্পন্ন)

(৪) এম সি সি আই এর ০১ জন প্রতিনিধি (পরিচালক পদমর্যদাসম্পন্ন)

(৫) বিসিক এর ০১ জন প্রতিনিধি(পরিচালক পদমর্যদাসম্পন্ন)

(৬) উপ-সচিব, (প্রশাসন-২) শিল্প মন্ত্রণালয়

**সদস্য-সচিব**

(৭) পরিচালক, এনপিও

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শরীফা আহমেদ**
সিনিয়র সহকারী সচিব।

---

**স্বশাসিত সংস্থা-বিসিক শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৮ এপ্রিল ২০১৩/৫ বৈশাখ ১৪২০

**নং ৩৬.০৬৫.০১৫.০০.০২.০২৯.২০০৫-৬৭**—শিল্প মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক) কর্তৃক বাস্তবায়িত "লবন শিল্পের উন্নয়ন" শীর্ষক সমাপ্ত উন্নয়ন প্রকল্প হতে রাজস্বখাতে স্থানান্তরিত নিম্নবর্ণিত ৮ (আট) ক্যাটাগরির ২৬ (ছাব্বিশ) টি অস্থায়ী পদ বর্ণিত শর্তে ১-৬-২০১৩ খ্রিঃ তারিখ হতে স্থায়ীকরণের সরকারি আদেশ নির্দেশক্রমে জারি করছি ঃ

| ক্রমিক নং | পদের নাম | পদ সংখ্যা | অর্থ বিভাগ কর্তৃক নির্ধারণকৃত বেতনস্কেল (বেতনস্কেল, ২০০৫) |
|---|---|---|---|
| (১) | সমন্বয় কর্মকর্তা | ০৬(ছয়) টি | ৪১০০-৮৮২০/- (১১ নং গ্রেড) |
| (২) | পরিদর্শক | ০৮ (আট) টি | ৩৫০০-৭৫০০/- (১৩ নং গ্রেড) |
| (৩) | সাঁট-লিপিকার | ০১(এক) টি | ৩৫০০-৭৫০০/- (১৩ নং গ্রেড) |
| (৪) | উচ্চমান সহকারী | ০১(এক) টি | ৩৩০০-৬৯৪০/-(১৪ নং গ্রেড) |
| (৫) | হিসাব রক্ষক তথা কোষাধ্যক্ষ | ০৪(চার) টি | ৩৫০০-৭৫০০/- (১৩ নং গ্রেড) |
| (৬) | করণিক তথা মুদ্রাক্ষরিক | ০৩(তিন) টি | ৩০০০-৫৯২০/- (১৬ নং গ্রেড) |
| (৭) | গাড়িচালক | ০১(এক) টি | ৩০০০-৫৯২০/- (১৬ নং গ্রেড) |
| (৮) | পাম্প ড্রাইভার | ০২(দুই)টি | ২৬০০-৪৮৭০/- (১৮ নং গ্রেড) |
| | | মোট = ২৬ (ছাব্বিশ)টি | |

**শর্তসমূহ ঃ**

(ক) গাড়িচালক ও পাম্প ড্রাইভার এর ০৩টি পদে কর্মরত জনবল অবসর বা মৃত্যুজনিত কারণে পদ শূন্য হলে উক্ত পদসমূহ পরবর্তীতে কেবলমাত্র Out Sourcing এর মাধ্যমে পূরণ করতে হবে;

(খ) বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক) এর বিদ্যমান টিওএন্ডই তে অস্থায়ী পদগুলি স্থায়ী হিসেবে অন্তর্ভুক্ত করে টিওএন্ডই হালনাগাদ করে তার একটি কপি অর্থ বিভাগের রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান অনুবিভাগে প্রেরণ করতে হবে;

(গ) এতদসংক্রান্ত বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওএন্ডএম ম্যানুয়েলে বর্ণিত অন্যান্য বিধি-বিধান/আনুষ্ঠানিকতা অবশ্যই পালন করতে হবে।

২। এ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারি করা হলো।

**মোঃ রেজাউল করিম**
সহকারী সচিব।

---

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**আইন অধিশাখা-১**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৮ এপ্রিল ২০১৩

**নং ৪৪.০০.০০০০.০৫৫.১০.০০১.২০১৩-৫১০**—গত ২১-০২-২০১৩ খ্রিঃ তারিখে পটুয়াখালী জেলার পটুয়াখালী থানার বাদুরা গ্রামস্থ স্কুল কলেজের কতিপয় ছাত্ররা একত্রিত হয়ে শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষ্যে মুকুল বাসস্ট্যান্ডে একটি অস্থায়ী শহীদ মিনার তৈরী করে মহান শহীদ দিবস উদযাপন কালে বেলা ১১.৩০ ঘটিকায় আসামী (১) মোঃ আলমগীর হাওলাদার (২৮), পিতা ঃ আঃ লতিফ হাওলাদার; (২) মোঃ মনির (৩০), পিতাঃ লাল শরীফ হাওলাদার, উভয় সাং-উত্তর বাদুরা; (৩) আঃ কাদের (৩৫), পিতা আলী আহম্মেদ মৃধা, সাং ছোট আউলিয়াপুর, সর্বথানা ঃ পটুয়াখালীসহ অজ্ঞাতনামা ৩/৪ জন যুবক অতর্কিতভাবে উল্লেখিত অস্থায়ী শহীদ মিনারে অতিক্রমন চালিয়ে জাতীয় পতাকায় আগুন দিয়ে পুড়িয়ে ফেলে। জাতীয় পতাকার প্রতি অবজ্ঞা প্রদর্শন করা দেশের স্বাধীনতাকে অস্বীকার করা, রাষ্ট্রের প্রতি বিদ্বেষ সৃষ্টি করা রাষ্ট্রদ্রোহীতার শামিল। উল্লিখিত আসামীদের বিরুদ্ধে দণ্ডবিধির ১২৪-ক ধারার অপরাধ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় উক্ত ধারায় অভিযোগ আমলে নেয়ার লক্ষ্যে ভারপ্রাপ্ত কর্মকর্তা, পটুয়াখালী থানা, পটুয়াখালী'কে আইনগতভাবে আবশ্যকীয় ফৌজদারি কার্যবিধি, ১৮৯৮ এর ১৯৬ ধারার অধীন সরকারের মঞ্জুরী (Sanction) এতদ্দ্বারা প্রদান করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মিজানুর রহমান**
উপসচিব।

---

**কারা অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৮ এপ্রিল ২০১৩/১৫ বৈশাখ ১৪২০

**নং স্বঃমঃই-৭/২০০৯(কারা-১)-১৭০**—নিম্নোক্ত পদ সমূহের পার্শ্বে বর্ণিত বেতনক্রমে বরিশাল ও সিলেট ভিভাগের জন্য কারা উপ-মহাপরিদর্শক এর ০২ টি ও ১০টি সহায়ক পদসহ মোট ১২টি পদ রাজস্ব খাতে অস্থায়ীভাবে সৃজন ও আদেশ জারির তারিখ থেকে ৩১-৫-২০১৩ পর্যন্ত অস্থায়ীভাবে সংরক্ষণে নির্দেশক্রমে সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছি ঃ

| ক্রমিক নং | পদের নাম | পদ সংখ্যা | বেতন স্কেল (জাঃ বেঃস্কে, ০৯) | মন্তব্য |
|---|---|---|---|---|
| (১) | কারা উপ মহাপরিদর্শক | ২ | ২২,২৫০—৩১,২৫০/- (৫ নং গ্রেড) | |
| (২) | সাঁটমুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর | ২ | ৫২০০—১১২৩৫/- (১৪ নং গ্রেড) | |
| (৩) | অফিস সহকারি কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | ২ | ৪৭০০—৯৭৪৫/- (১৬ নং গ্রেড) | |
| (৪) | গাড়ি চালক | ২ | ৪৭০০—৯৭৪৫/- (১৬ নং গ্রেড) | |
| (৫) | এম.এল.এস.এস | ২ | | পদগুলো আউটসোর্সিংভুক্ত বিধায় সরকার কর্তৃক প্রণীত আউটসোর্সিং নীতিমালা অনুসরণ করা যেতে পারে। |
| (৬) | সুইপার | ২ | | |
| | মোট = | ১২টি | | |

**যানবাহন (বরিশাল ও সিলেট বিভাগ) ঃ**

| ক্রমিক নং | যানবাহনের নাম | সংখ্যা |
|---|---|---|
| (১) | জীপ | ১×২= ২টি |

**যন্ত্রপাতির বিবরণ ঃ**

| ক্রমিক নং | যন্ত্রপাতির নাম | সংখ্যা |
|---|---|---|
| (১) | কম্পিউটার (প্রিন্টারসহ) | ১×২= ২টি |
| (২) | ফ্যাক্স মেশিন | ১×২= ২টি |
| (৩) | ফটোকপিয়ার মেশিন | ১×২= ২টি |
| (৪) | টিএন্ডটি ল্যান্ড ফোন | টেলিফোন নীতিমালা অনুযায়ী |

২। এ সংক্রান্ত ব্যয়২০১২-২০১৩ অর্থ বৎসরের কারা অধিদপ্তরের কোড নং ৩-২২৫১-০০১০ এর সংশ্লিষ্ট খাত হতে মিটানো হবে।

৩। এতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৫.১৬১.০২৮.০১.০০.০৪১.২০০৯-৪০২, তারিখ ২৫-৭-২০১১ এবং অর্থ বিভাগের ০৭.১৫৫.০১৫.৪৪.০৭.০২১.২০১১-৬৭৭, তারিখ ১২-১২-২০১২ খ্রিঃ পত্রে সম্মতি রয়েছে। এ সংক্রান্ত সকল আনুষ্ঠানিকতা পালন করা হয়েছে।

**সামলা বেগম**
উপ-সচিব।

---

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**
**শৃংখলা-১ শাখা**

**আদেশাবলী**

তারিখ, ২৪ মার্চ ২০১৩

**নং ৪৫.১৫০.১১৬.০১.০০.১৫০.২০১২-৩৩৮**—যেহেতু, ডাঃ মরিয়ম সুলতানা (১২২২৪৫), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (প্রাক্তন মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, দশমিনা, পটুয়াখালী)-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ১৯-০৩-২০১৩ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, ব্যক্তিগত শুনানীর সময় তিনি জানান যে, তাঁর শিশুর হাপানি সংক্রান্ত জটিলতার জন্য তাঁকে হাসপাতালে ভর্তি করার তিনি ১০ দিন কর্মস্থলে অনুপস্থিত থাকেন। তিনি যথাসময়ে ছুটির আবেদন করতে পারেননি কিন্তু পরে আবেদন করলেও ছুটি মঞ্জুর হয়নি মর্মে জানান;

এক্ষণে, সেহেতু, ডাঃ মরিয়ম সুলতানা (১২২২৪৫), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব, শুনানীকালে তাঁর বক্তব্য এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনা করে তাঁকে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(এ) বিধিমতে 'তিরস্কার' শাস্তি আরোপ করা হল।

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০৮৮.২০১২-৩৪৫**—যেহেতু, ডাঃ দেবজ্যোতি চৌধুরী (৩২২২০), মেডিকেল অফিসার, পৃথিমপাশা উপস্বাস্থ্য কেন্দ্র, উপজেলা কুলাউড়া, জেলা মৌলভীবাজার (প্রাক্তন মেডিকেল অফিসার, সদর হাসপাতাল মৌলভীবাজার)-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন;

যেহেতু, অভিযক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন;

এক্ষণে, সেহেতু, ডাঃ দেবজ্যোতি চৌধুরী (৩২২২০), মেডিকেল অফিসার, পৃথিমপাশা উপস্বাস্থ্য কেন্দ্র, উপজেলা কুলাউড়া, জেলা মৌলভীবাজার এর বিরুদ্ধে আনীত অভিযোগ, বিভাগীয় মামলার জবাব এবং তদন্ত প্রতিবেদন পর্যালোচনান্তে তদন্ত কমিটির সুপারিশমতে তাঁর অজ্ঞতার বিষয়টি বিবেচনা করে এবং মানবিক কারণে বিভাগীয় মামলায় আনীত অভিযোগ থেকে তাঁকে অব্যাহতি প্রদান করা হল।

তারিখ, ১৯ মার্চ ২০১৩/ ৫ চৈত্র ১৪১৯

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০২৩১.২০১১-৩১৬**—যেহেতু, ডাঃ শেখ দাউদ আদনান (১১১১৩৪), সহকারী অধ্যাপক (ব্লাড ট্রান্সফিউশন), জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল, শেরে বাংলানগর, ঢাকা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(ডি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'দুর্নীতি' এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং গত ১৪-১১-২০১২ তারিখ তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং তদন্ত প্রতিবেদন অভিযোগ প্রমাণিত হয়নি মর্মে মতামত প্রদান করা হয়;

এক্ষণে, সেহেতু, ডাঃ শেখ দাউদ আদনান (১১১১৩৪), সহকারী অধ্যাপক (ব্লাড ট্রান্সফিউশন), জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল, শেরেবাংলানগর, ঢাকা এর বিরুদ্ধে আনীত অভিযোগ, বিভাগীয় মামলার জবাব এবং তদন্ত প্রতিবেদন পর্যালোচনান্তে বিভাগীয় মামলায় আনীত অভিযোগ থেকে তাঁকে অব্যাহতি প্রদান করা হল।

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০২৩২.২০১১-৩১৭**—যেহেতু, জনাব মোস্তাক আহম্মদ চৌধুরী, হোস্টেল সুপারিনটেনডেন্ট, জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল, শেরেবাংলানগর, ঢাকা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(ডি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'দুর্নীতি' এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং গত ২১-১১-২০১২ তারিখ তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং তদন্ত প্রতিবেদনে অভিযোগ প্রমাণিত হয়নি মর্মে মতামত প্রদান করা হয়;

এক্ষণে, সেহেতু, জনাব মোস্তাক আহম্মদ চৌধুরী, হোস্টেল সুপারিনটেনডেন্ট, জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল, শেরেবাংলানগর, ঢাকা এর বিরুদ্ধে আনীত অভিযোগ, বিভাগীয় মামলার জবাব এবং তদন্ত প্রতিবেদন পর্যালোচনান্তে বিভাগীয় মামলায় আনীত অভিযোগ থেকে তাঁকে অব্যাহতি প্রদান করা হল।

**এ. এম. বদরুদ্দোজা**
অতিরিক্ত সচিব।

---

**শৃঙ্খলা-২ শাখা**

**আদেশ**

তারিখ, ২৪ মার্চ ২০১২/১০ চৈত্র ১৪১৮

**নং ৪৫.১৫১.০২৭.০০.০০.০০৭.২০১২-১৩৪**—যেহেতু, জনাব মোঃ ফজলুল হক, ডিপিএম, আই ই এম ইউনিট, পরিবার পরিকল্পনা অধিদপ্তর এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক অসদাচরণ এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে ১ম কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ১৪-০৩-২০১৩ তারিখে ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, তিনি শুনানীতে উল্লেখ করেন যে, তাঁর কর্তৃপক্ষ তাকে ছাড়পত্র প্রদান করেননি বিধায় তিনি প্রশিক্ষণে অংশগ্রহণ করতে পারেননি। পরিবার পরিকল্পনা অধিদপ্তরের ২৬-০৯-২০১২ তারিখের স্মারক ৯৩৩ মোতাবেক অভিযুক্ত কর্মকর্তার বক্তব্যের সত্যতা পাওয়া যায়।

এক্ষণে, সেহেতু, অভিযুক্ত কর্মকর্তার লিখিত জবাব, শুনানীতে প্রদত্ত বক্তব্য ও অন্যান্য কাগজপত্র পর্যালোচনাপূর্বক জনাব মোঃ ফজলুল হক, ডিপিএম, আই ই এম ইউনিট, পরিবার পরিকল্পনা অধিদপ্তরকে প্রশিক্ষণ গ্রহণ সংক্রান্ত সরকারি আদেশ পালনে ভবিষ্যতে আরো আন্তরিক হওয়ার পরামর্শসহ তার বিরুদ্ধে দায়েরকৃত বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদান করা হল।

এ আদেশ জনস্বার্থে জারি করা হল।

**এ. এম. বদরুদ্দোজা**
অতিরিক্ত সচিব।

---

**প্রশাসন-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৪ মার্চ ২০১৩

**নং স্বাপকম/প্রশাসন-১/পিএফ-২৫/৯৫/৩৭৯**—যেহেতু, জনাব মোঃ রফিকুল ইসলাম, প্রশাসনিক কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়।

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং তাঁর ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। যেহেতু, তিনি ব্যক্তিগত শুনানীর লিখিত জবাব প্রদান না করায় প্রাথমিক সত্যতা প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৭(২)সি অনুযায়ী তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ একজন সরকারি কর্মকর্তা হয়েও মাদকদ্রব্য ও নেশা বিরোধী কাউন্সিল (মানবিক) নামক বেসরকারি প্রতিষ্ঠানের আর্থিক লেনদেন সংক্রান্ত বিষয় সংশ্লিষ্ট রেজিস্ট্রেশন কর্তৃপক্ষকে অবহিত না করা এবং কর্তৃপক্ষকে অবহিত না করে উক্ত প্রতিষ্ঠানের জন্য তহবিল সংগ্রহের সাথে জড়িত থাকার অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু, বিভাগী মামলার রেকর্ডপত্র পর্যালোচনান্তে সরকারি কর্মকর্তা হয়েও কর্তৃপক্ষের অনুমোদন ছাড়া মাদকদ্রব্য ও নেশা বিরোধী কাউন্সিল (মানবিক) এর সভাপতি হিসেবে কাজ করার অভিযোগটিও প্রমাণিত হয়;

এক্ষণে, সেহেতু, তদন্ত প্রতিবেদন ও সংশ্লিষ্ট রেকর্ডপত্র পর্যালোচনাক্রমে জনাব মোঃ রফিকুল ইসলাম, প্রশাসনিক কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধি অনুযায়ী অসদাচরণের অভিযোগ প্রমাণিত হওয়ায় তাঁকে একই বিধিমালার বিধি ৪(২)(বি) মোতাবেক আগামী ০২(দুই) বছরের জন্য ০২(দুই)টি বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিত রাখার লঘু দণ্ড আরোপ করা হল।

০২(দুই) বছর অতিক্রান্ত হওয়ার পর বেতন বৃদ্ধি স্থগিত করা না হলে তাঁর যা বেতন পাওনা হতো সেভাবে বেতন নির্ধারণ করতে হবে। তবে তিনি কোন বকেয়া প্রাপ্য হবেন না।

ইহা আদেশ জারির তারিখ হতে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মাহমুদা আকতার**
যুগ্ম-সচিব (প্রশাসন)।

**চিশিজ-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২০ মার্চ ২০১৩

**নং স্বাপকম/চিশি-২/বেসমেক-১/২০০৬/১৮৬**—The Bangladesh College of Physicians and Surgeons Order 1972 এর ৬(১) ধারা মতে The Bangladesh College of Physicians and Surgeons (BCPS) এর কাউন্সিলে নিম্নেবর্ণিত ৪(চার) জন সদস্যকে সরকারি প্রতিনিধি হিসেবে মনোনয়ন করা হলো ঃ

(১) অধ্যাপক সাহানা আখতার রহমান, শিশু বিভাগ, বিএসএমএমইউ, শাহবাগ, ঢাকা।

(২) মেজর জেনারেল (অবঃ) আলী আকবর, অধ্যাপক, নিউরোলজী বিভাগ, হলি ফ্যামিলি রেড ক্রিসেন্ট মেডিকেল কলেজ ও হাসপাতাল।

(৩) অধ্যাপক নাজমুন নাহার, মহাপরিচালক, বারডেম হাসপাতাল, শাহবাগ, ঢাকা।

(৪) অধ্যাপক ডাঃ শামসুদ্দিন আহমেদ, অর্থোপেডিক্স সার্জারী, চেয়ারম্যান, গ্রীণ লাইফ মেডিকেল কলেজ ও হাসপাতাল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মাহফুজা আকতার**
সিনিয়র সহকারী সচিব।

---

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**
**স্থানীয় সরকার বিভাগ**
**পৌর-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৮ মে ২০১৩

**নং ৪৬.০৬৩.০২৭.০১.০০.০০৩.২০১৩-৫৯০**—যেহেতু, জনাব মোহাম্মদ আলী খান ঢাকা জেলাধীন সাভার পৌরসভার ৭ নং ওয়ার্ড কাউন্সিলর;

যেহেতু, সাভার পৌর এলাকাস্থ সাভার বাসস্ট্যান্ড সংলগ্ন 'রানা প্লাজা' নির্মাণের ক্ষেত্রে পৌরসভা কর্তৃক সাইট প্ল্যান ও ইমারতের নক্সা অনুমোদনের ক্ষেত্রে ভবনের মালিক কর্তৃক দাখিলীয় ত্রুটিপূর্ণ আবেদন পত্রে তিনি প্রত্যয়ন/সুপারিশ করেছেন;

যেহেতু, তাঁর বিরুদ্ধে বর্ণিত অভিযোগ যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক তদন্তে প্রমাণিত হয়েছে;

যেহেতু, তিনি ২৪.০৪.২০১৩ খ্রিঃ তারিখের 'রানা প্লাজা' ভবন ধ্বসে পড়ার পর হতে আত্মগোপন করে পালিয়ে থাকাসহ রানা প্লাজা ভবনের উদ্ধার কার্যক্রমে এবং সাভার পৌরসভার কার্যক্রম পরিচালনায় অনুপস্থিত থেকে জনস্বার্থ পরিপন্থী কাজ করেছেন;

যেহেতু, তাঁর দ্বারা পৌরসভার কাউন্সিলর এর ক্ষমতা প্রয়োগ পৌরসভার জন্য স্বার্থহানিকর এবং প্রশাসনিক দৃষ্টিকোন হতে সমীচীন নয় মর্মে যথাযথ কর্তৃপক্ষের নিকট প্রতীয়মান হয়েছে;

সেহেতু, সরকার তাঁকে সাময়িকভাবে বরখাস্ত করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

এমতাবস্থায়, স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ৩১(১) ধারার বিধান অনুযায়ী সাভার পৌরসভার ৭ নং ওয়ার্ড কাউন্সিলর জনাব মোহাম্মদ আলী খানকে সাময়িকভাবে বরখাস্ত করা হল।

এ আদেশ জনস্বার্থে জারী করা হল এবং তা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**রেহানা ইয়াছমিন**
উপ-সচিব (পৌর-১)।

**পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ**
**প্রশাসন অধিশাখা-০৩**

**আদেশ**

তারিখ, ৩০ এপ্রিল ২০১৩/১৭ বৈশাখ ১৪১৯

**নং ৪৭.০৩২.০২৭.০৬১.০০৭.২০১১-৩২২**—জনাব মোঃ কায়েদ উদ্দিন, উপ-নিবন্ধক, সমবায় অধিদপ্তর এর অনুকূলে অর্ধগড় বেতনে ২ বছরের বহিঃ বাংলাদেশ অধ্যয়ন ছুটি মঞ্জুরের প্রেক্ষিতে তিনি গত ২১-১০-০৮ হতে ছুটিতে গমন করেন। ছুটি ভোগ শেষে নির্ধারিত সময়ে তিনি কর্মস্থলে যোগদান না করে পুনরায় ২ বছর বিনা বেতনে অসাধারণ ছুটি মঞ্জুরের আবেদন করেন। পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ হতে তার এ আবেদন না-মঞ্জুর করা হয়। প্রার্থিত অসাধারণ ছুটির আবেদন না মঞ্জুর হওয়ার প্রায় ৪ মাস পর ০৭-০৬-২০১১ তারিখ জনাব মোঃ কায়েদ উদ্দিন স্বীয় পদে যোগদান করেন। পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের প্রজ্ঞাপন নং পউসবি/প্রঃ শাঃ-৩/এল-৯১/২০০৪/৬৫৭, তাং ২৮-৯-২০১১ মূলে ২১-১০-২০১০ হতে ০৬-০৬-২০১১ তারিখ পর্যন্ত ৭ মাস ১৫ দিন তার অননুমোদিত অনুপস্থিতকালীন সময়কে ভূতাপেক্ষভাবে বিনা বেতনে অসাধারণ ছুটি মঞ্জুর করা হয়। অতঃপর পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের প্রজ্ঞাপন নং পউসবি/প্রঃ শাঃ-৩/২এ-৮১/২০০৫/৭১৩, তারিখ ২০-১০-২০১১ মূলে তাঁকে অধ্যাপক (উপ-নিবন্ধক), বাংলাদেশ সমবায় একাডেমী, কোটবাড়ী, কুমিল্লা হিসেবে পদায়ন করা হয়।

২। নতুন কর্মস্থলে পদায়নের পর জনাব মোঃ কায়েদ উদ্দিন সেখানে যোগদান করা হতে বিরত থাকেন। তিনি নতুন কর্মস্থলে যোগদান না করায় এবং বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় তাকে সরকারি কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ, ১৯৭৯ এর ৩ (বি) ধারায় অভিযুক্ত করে একই বিধিমালার ৪ (এ) বা ৪(বি) ধারার বিধানমতে কেন ব্যবস্থা গ্রহণ করা হবে না তার লিখিত জবাব দাখিলের জন্য কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়। এ সংক্রান্ত বিজ্ঞপ্তি গত ৮-০৫-২০১২ তারিখ "দি ইনডিপেনডেন্ড" পত্রিকায় এবং ১৩-০৩-২০১২ তারিখ "দৈনিক জনকণ্ঠ" পত্রিকায় প্রকাশিত হয়।

৩। নোটিশে জনাব মোঃ কায়েদ উদ্দিনকে ০৫(পাঁচ) কর্ম দিবসের মধ্যে লিখত জবাব প্রদানের জন্য নির্দেশনা প্রদান করা হলেও তিনি কোন জবাব প্রদান করেননি। বর্ণিত প্রেক্ষাপটে ০৩(তিন) কর্ম দিবসের মধ্যে লিখিত জবাব প্রদানের জন্য নির্দেশ দিয়ে তার বিরুদ্ধে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ জারী করা হয়। এ সংক্রান্ত বিজ্ঞপ্তি "দি ইনডিপেনডেন্ট" পত্রিকায় ২০-০৭-১২ তারিখ এবং "দৈনিক জনকণ্ঠ" পত্রিকায় ১৯-০৭-১২ তারিখ প্রকাশিত হয়।

৪। অভিযুক্ত কর্মকর্তা ২য় কারণ দর্শানোর জবাব না দেওয়ায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ, ১৯৭৯ এর ৩(বি) ধারায় বর্ণিত বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকার অপরাধে উক্ত অধ্যাদেশের ৪(এ) ধারায় বর্ণিত "চাকুরি হতে বরখাস্ত" করার দণ্ড আরোপে বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের মতামত চাওয়া হয়। বাংলাদেশ সরকারি কর্ম কমিশন কর্তৃপক্ষের প্রস্তাবিত শাস্তির সঙ্গে একমত পোষণ করেছে।

৫। জনাব মোঃ কায়েদ উদ্দিন একজন **১ম** শ্রেণীর কর্মকর্তা বিধায় তার নিয়োগকারী কর্তৃপক্ষ মহামান্য রাষ্ট্রপতি। রুলস অব বিজনেস **১৯৯৬** (সংশোধিত ২০০০) এর অনুচ্ছেদ ৭, সিডিউল IV এর **১৭** দফায় বর্ণিত বিধানানুসারে তাকে "চাকুরি হতে বরখাস্ত" দণ্ড আরোপে মহামান্য রাষ্ট্রপতির সানুগ্রহ অনুমোদন চাওয়া হলে মহামান্য রাষ্ট্রপতি প্রস্তাবিত দণ্ড সদয় অনুমোদন করছেন।

৬। জনাব মোঃ কায়েদ উদ্দিন এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ **১৯৭৯** এর ৩(বি) বিধিতে বর্ণিত বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকার অভিযোগে দায়েরকৃত বিভাগীয় মামলায় সকল প্রক্রিয়া যথাযথাভাবে সম্পন্ন করা হয়েছে। বর্ণিত অবস্থায়, জনাব মোঃ কায়েদ উদ্দিন এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ **১৯৭৯** এর ৪(এ) ধারা মোতাবেক "চাকুরী হতে বরখাস্ত" দণ্ড প্রদান করা হলো।

**ড. মিহির কান্তি মজুমদার**
সচিব।

---

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**
**স্থানীয় সরকার বিভাগ**
**পৌর-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৬ আষাঢ় ১৪২০/১০ জুলাই ২০১৩

**নং ৪৬.০৬৩.০৩২.০১.০০.০০২.২০১১-৯৮৮**—ঢাকা জেলাধীন দোহার পৌরসভার ৪নং ওয়ার্ড কাউন্সিলর জনাব মোঃ ফরহাদ হোসেন ০৭-০৬-২০১৩ খ্রিঃ তারিখ মৃত্যুবরণ করায় স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ৩৩(১) (চ) উপ-ধারামতে গেজেটে প্রকাশের মাধ্যমে সরকার উল্লিখিত তারিখ হইতে দোহার পৌরসভার ৪নং ওয়ার্ড কাউন্সিলর পদটি শূন্য ঘোষণা করিল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ খলিলুর রহমান**
উপ-সচিব।

---

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৭**

**আদেশাবলী**

তারিখ, ১৫ সেপ্টেম্বর ২০১৩

**নং বিচার-৭/২এন-৪৯/২০১৩-৮৪৭**—হিন্দু বিবাহ নিবন্ধন আইন, ২০১২ (২০১২ সনের ৪০ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব তানিয়া বিশ্বাস, পিতা কার্তিক চন্দ্র বিশ্বাস, স্বামী অনুপ কুমার বাড়ৈ, গ্রাম পলোটানা, ডাকঘর ভাঙ্গারহাট, উপজেলা কোটালীপাড়া, জেলা গোপালগঞ্জ) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে গোপালগঞ্জ জেলার কোটালীপাড়া পৌরসভা ব্যতীত সমগ্র কোটালীপাড়া উপজেলার জন্য হিন্দু বিবাহ সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। মন্ত্রণালয় বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা নিয়োগলাভকারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই নিয়োগ বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, মন্ত্রণালয় যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

তারিখ, ৫ সেপ্টেম্বর ২০১৩

**নং বিচার-৭/২এন-৫৩/২০১২-৭৭৭**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব মোঃ আক্তার হোসেন, পিতা মোঃ আবদুল মজিদ, মাতা নুর নাহার, গ্রাম বাইশগাঁও, ডাকঘর বাইশগাঁও বাজার, উপজেলা মনোহরগঞ্জ, জেলা কুমিল্লা) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে কুমিল্লা জেলার মনোহরগঞ্জ উপজেলার **১**নং বাইশগাঁও ইউনিয়ন এলাকায় বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ বা তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে;

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

তারিখ, ২৪ সেপ্টেম্বর ২০১৩

**নং বিচার-৭/২এন-৪২/২০১৩-৯৯২**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব মোঃ এনামুল হক, পিতা মৃত খলিলুর রহমান, গ্রাম পোড়াবাড়ী, ডাকঘর বটতলা বাজার, উপজেলা মুক্তাগাছা, জেলা ময়মনসিংহ) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে ময়মনসিংহ জেলার মুক্তাগাছা উপজেলার ৮নং দাওগাঁও ইউনিয়নের **১, ২, ৩, ৫** ও **৮**নং ওয়ার্ড এলাকায় বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ বা তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে ;

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

**মোঃ হেমায়েত উদ্দিন**
সিনিয়র সহকারী সচিব।

## প্রতিরক্ষা মন্ত্রণালয়

### প্রজ্ঞাপন

তারিখ, ১৪ ভাদ্র ১৪২০/২৯ আগস্ট ২০১৩

**নং প্রম/১সা-১/২০০০/ডি-১৩/অংশ/৯৫**—জনপ্রশাসন (সংস্থাপন) মন্ত্রণালয়ের ১২ অক্টোবর ২০০৮ তারিখের সম/সওব্য-৩(১২)-৩/৯১(অংশ-২)-৫৩১ নম্বর পত্র ও অর্থ বিভাগের ২ এপ্রিল ২০১৩ তারিখের ০৭.১৫১.০১৫.২৩.০০.০০৩-২০১০/৭৪ নম্বর পত্রের মাধ্যমে প্রদত্ত সম্মতি ও এ মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় প্রধানমন্ত্রীর অনুমোদনক্রমে গুপ্তসংকেত পরিদপ্তরের সাংগঠনিক কাঠামোতে গাড়ী চালকের ১(এক)টি পদ স্থায়ী করা হল।

২। এই আদেশ ১ জুন ২০০৮ তারিখ থেকে কার্যকর হবে।

**শাহ্‌নাজ রব**
উপসচিব।

---

### প্রজ্ঞাপন

তাারিখ, ১১ ভাদ্র ১৪২০/২৬ আগস্ট ২০১৩

**নং প্রম/প্রক/কমিটি/৯৫/ডি-১৮/৪৩৮**—জনপ্রশাসন মন্ত্রণালয়ের পরিপত্র নম্বর ০৫.১৭০.০২২.২৪.০০.০৫০.২০১০-১৩৮, তারিখ ৩১ মার্চ ২০১১ এর পরিপ্রেক্ষিতে প্রতিরক্ষা মন্ত্রণালয়ের ইতঃপূর্বে এতদ্‌সংক্রান্ত গঠিত কমিটি বাতিলপূর্বক এ মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন প্রধান প্রশাসনিক কর্মকর্তার কার্যালয়ের আওতাধীন দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তর-এর প্রতিরক্ষা খাত থেকে বেতনপ্রাপ্ত ২য় শ্রেণীর বেসামরিক পদে এডহক ভিত্তিক সরাসরি নিয়োগ এবং বাংলাদেশ সরকারি কর্মকমিশনের আওতাবহির্ভূত ২য় শ্রেণীর পদে সরাসরি নিয়োগের লক্ষ্যে নিম্নবর্ণিতভাবে বিভাগীয় সরাসরি নিয়োগ প্রদান বিষয়ক কমিটি পুনর্গঠন করা হল :

**সভাপতি**

(১) অতিরিক্ত সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়।

**সদস্যবৃন্দ**

(২) জনপ্রশাসন মন্ত্রণালয়ের উপসচিব পর্যায়ের একজন প্রতিনিধি।

(৩) অর্থ বিভাগের উপ-সচিব পর্যায়ের একজন প্রতিনিধি।

(৪) সংশ্লিষ্ট দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তর এর একজন প্রতিনিধি।

(৫) বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের উপ-পরিচালক পর্যায়ের একজন প্রতিনিধি।

(৬) বিশেষজ্ঞ প্রতিনিধি (প্রযোজ্য ক্ষেত্রে)।

**সদস্য-সচিব**

(৭) সংশ্লিষ্ট যুগ্মসচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়।

**কমিটির কার্যপরিধি :**

(১) সংশ্লিষ্ট নিয়োগবিধির শর্তপূরণ সাপেক্ষে প্রতিরক্ষা মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন প্রধান প্রশাসনিক কর্মকর্তার কার্যালয়ের আওতাধীন দপ্তর/অধিদপ্তর/ পরিদপ্তর এর ২য় শ্রেণীর পদে এডহক ভিত্তিতে সরাসরি নিয়োগ প্রদানের জন্য প্রার্থী বাছাই কার্যক্রম ও সুপারিশ প্রদান;

(২) সংশ্লিষ্ট নিয়োগবিধির শর্তপূরণ সাপেক্ষে বাংলাদেশ সরকারি কর্মকমিশনের আওতাবহির্ভূত প্রতিরক্ষা মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন প্রধান প্রশাসনিক কর্মকর্তার কার্যালয়ের আওতাধীন দপ্তর/অধিদপ্তর/ পরিদপ্তর এর ২য় শ্রেণীর পদে সরাসরি নিয়োগ প্রদানের জন্য প্রার্থী বাছাই কার্যক্রম ও সুপারিশ প্রদান।

২। প্রতিরক্ষা মন্ত্রণায়ের ১৭ এপ্রিল ২০১২ তারিখের প্রম/প্রক/কমিটি/৯৫/ডি-১৮/১৬০ সংখ্যক প্রজ্ঞাপনের অনুচ্ছেদ ১ এর ‘খ’ অংশে উল্লিখিত ২য় শ্রেণীর পদে সরাসরি নিয়োগ প্রদান বিষয়ক কমিটি এ সঙ্গে বাতিল করা হলো।

৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ আবু বকর ছিদ্দিক**
যুগ্মসচিব।